GKwaK Dcvm¨ wK mZ¨ bv †md GK Dcvm¨?

লেখক
আবু কাব আনীসুর রহমান বিন আব্দুল কুদ্দুস
(এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং)

প্রকাশনায়
জায়েদ লাইব্রেরী,
৫৯, সিক্কাটুলী লেন, ঢাকা
০১১৯৮১৮০৬১৫

একাধিক উপাস্য কি সত্য না সের্ফ এক উপাস্য?

লেখক: আবু কাব আনীসুর রহমান বিন আব্দুল কুদ্দুস
(এম. এস.সি. ইঞ্জিনিয়ারিং)

প্রকাশকাল : নভেম্বর, ২০১১/যুলহিজ্জাহ, ১৪৩২

কম্পিউটার কম্পোজ : আবু আমিনাহ জায়েদ

মুদ্রণ: ঢাকা প্রিন্টার্স।

বিনিময়: ৭০.০০ (সত্তর টাকা) মাত্র।

Ekadhik Upashya Ki Sotya Na Serf Ek Upashya? (Are Many Gods true or One God?) by A.K. Anisur Rahman, Pablished by Jayed Library. 59, Sikkatully Lane, Dhaka. Julhijja 1432Hijrah. November 2011. Price : 70.00 Tk. only.

সূচীপত্র

_ কুরআনে বর্ণিত বিস্ময়কর তথ্যাদি ---------- ৭

_ বিবর্তনবাদের বৈজ্ঞানিক ভিত্তি আছে কি? ----------২৭

_ আদিম ও অন্ড়িম ধর্ম ইসলাম----------৪০

_ শিরকের উৎপত্তি, বিস্ড়ার ও শিরক থেকে মুক্তি লাভ -----৪৬

_ তাহলীলের কদর ----------৬১

_ ওয়াহদাতুল উজুদ, হুলুল ও ফানাতত্ত্ব ----------৬৬

_ মুর্তি ভক্তি মানুষকে শিরকের দিকে নিয়ে যায়----------৭০

_ কুরআনের আহকাম অস্বীকার আল□াহকে অস্বীকারের
নামান্ড়র----------৭৪

_ শয়তান মানুষের চরম দুশমন ----------৮০

_ লোক দেখানো ইবাদতের দুঃখজনক আকবত----------৯০

_ সুন্নাতের ফযীলত ও বিদআতের খেছারত ----------৯৮

ফর্মা নং -২ ফর্মা নং -৩ ফর্মা নং -৪ ফর্মা নং -৫
ফর্মা নং -৬ ফর্মা নং -৭

ভূমিকা ঃ

বিস্মিল্লাহির রাহ্মানির রাহীম।

আসমানসমূহ ও যমীনের পয়দা, পরিচালনা, কিসমত, হেফাযত এ সকলকর্ম একজন সর্বশক্তিমান দ্বারাই সম্পাদিত হচ্ছে। তিনিই একমাত্র উপাস্য, একমাত্র সাহায্যকর্তা ও আশ্রয়স্থল। হিকমতদার কুরআনে বর্ণিত হয়েছে ঃ

{[illegible]}

যদি [আসমানসমূহ ও যমীন] এ উভয়ের মধ্যে আল্লাহ ছাড়া আরো উপাস্যসমূহ থাকত তবে এদের মধ্যে সবসময় ফ্যাছাদ লেগে থাকত। (সূরা আম্বিয়া ২১ ঃ ২২)

{[illegible]}

যে ব্যক্তি আল্লাহ ছাড়া অন্য উপাস্যের কাছেও দোয়া করে অথচ এর পক্ষে তার কাছে বোরহান নেই তার হিছাব তার পালনকর্তার কাছেই হবে। (সূরা আল-মুমিনুন ২৩ঃ ১১৭)

[illegible]}

{ [illegible]

[কাফিরদেরকে] তুমি বল, আল্লাহর পরিবর্তে তোমরা যাদেরকে উপাস্য মনে করতে তাদের কাছে দোয়া কর। তারা আসমানসমূহ ও যমীনে যাররা পরিমাণও কিছুর মালিক নয়। (সূরা সাবা ৩৪ ঃ ২২)

{[illegible]}

যে আল্লাহর সাথে কাউকে শরীক সাব্যস্ড় করে তার জন্য আল্লাহ জান্নাত হারাম করে দিয়েছেন এবং তার নিবাস জাহান্নাম। (সূরা মায়েদাহ ৫ ঃ ৭২)

{[illegible]}

নবী ইউসুফ (আঃ) বলেছিলেন, হে আমার কারাগারের সাহেবদ্বয়! আলাদা আলাদা পালনকর্তা ভালো না কি কহরওয়ালা এক আল্লাহ?

(সূরা ইউসুফ ১২ ঃ ৩৯)

[illegible]}

{ [illegible]

নাকি তিনিই (শ্রেষ্ঠ) যিনি আর্তের জওয়াব দেন যখন সে তার কাছে দুআ করে এবং দুঃখকষ্ট দূর করেন এবং তোমাদেরকে ধরণীর খলীফা করেন। আল্লাহর সাথে অন্য উপাস্য আছে কি? (সূরা আন-নামল ২৭ঃ ৬২)

এক উপাস্যে বিশ্বাস তথা তাওহীদের যথার্থতা এবং বহু-ঈশ্বরবাদের অসারতা সম্পর্কে তাসনীফকৃত কয়েকটি নিবন্ধের সমাহার এই মুখতাছার কিতাবটি। নিবন্ধগুলো এর আগে মাসিক আল-মাদানী ও মাসিক মুসলিম ডাইজেস্ট পত্রিকার বিভিন্ন সংখ্যায় এজহার হয়েছে। নিবন্ধগুলিকে খানিকটা পরিমার্জিত ও পরিবর্ধিত করে এই কিতাবে সন্নিবেশিত করা হয়েছে।

আলীশান, দয়াবান আল্লাহর সন্তুষ্টিই আমাদের একমাত্র মাকসুদ। নিবন্ধসমূহে যেসব হুজ্জত, বোরহান ও দলীল আরয করা হয়েছে সেগুলো যেন লেখক ও পাঠকদের ঈমান যিয়াদত করে এবং তাদের কলবসমূহ থেকে জাহের ও খফী শিরক খারিজ করে দেয় এটাই হেদায়াতের মালিক আল্লাহর কাছে আমাদের খালেস দোয়া।

কিতাবটি নশর করার কাজে যারা তায়ীদ ও নুসরত করেছেন তাদের সকলের কাছে ঋণ স্বীকার করছি। আর সকল তারীফ আলমসমূহের পালনকর্তা আল্লাহর জন্য এবং দরূদ ও সালাম সকল রাসূলগণের জন্য।

আবু কাব আনীসুর রহমান
২৯ শে রজব ১৪৩২ হিজরী
২রা জুলাই ২০১১ ঈসায়ী
ভুল-বিচ্যুতি ও মতামত জানাতে ই-মেইল করুন
abu.kab.anis @ gmail.com ঠিকানায়

কুরআনে বর্ণিত বিস্ময়কর তথ্যাদি

কুরআন বিস্ময়ের একটি খনি। এটি মানুষের জন্য সঠিক পথের দিশা সম্বলিত একটি কিতাব যা মানুষের পয়দাকারী মহান আল□াহ রচনা করেছেন এবং তাঁর বার্তাবাহক মুহাম্মদ ρ -এর মাধ্যমে মানুষের কাছে পৌঁছিয়েছেন।

কুরআন নাযিল হয়েছিল ৬১০ থেকে ৬৩২ ঈসায়ী সনের মধ্যবর্তী সময়ে। কুরআনে কয়েকটি ঐতিহাসিক ঘটনা এবং প্রাকৃতিক রহস্য বর্ণিত হয়েছে যেগুলি সম্পর্কে ঐ সময়ের মানুষের সামান্যতম জ্ঞানও ছিল না এবং সেগুলির সত্যতা প্রত্নতাত্ত্বিক খনন এবং বৈজ্ঞানিক গবেষণার মাধ্যমে ঐতিহাসিক ও বিজ্ঞানীদের কাছে স্বীকৃত হয়েছে কুরআন নাযিলের অনেক পরে। কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ দ্বারা এতগুলি ঘটনা সম্পর্কে সঠিক তথ্য দেয়া অসম্ভব যখন ইতিহাসবিদ ও বিজ্ঞানীগণ নিজেরাই এসব বিষয়ে অন্ধকারে ছিলেন।

বিভিন্ন কিছিমের মানুষ বিভিন্ন কারণে কুরআনের দিকে আকৃষ্ট হয়েছেন। একজন ভাষাবিদ কুরআনের বালাগাত বা অলংকার লক্ষ্য করেই বিস্মিত ও মুগ্ধ হয়ে যান। তিনি কুরআনের ঐতিহাসিক বা বৈজ্ঞানিক তথ্য নিয়ে মাথা ঘামানোর জর"রত অনুভব নাও করতে পারেন। একজন ইতিহাসবিদ কুরআন অধ্যয়ন করলে কুরআনের ঐতিহাসিক ঘটনা বর্ণনার বিশুদ্ধতাই আগে নজরে পড়বে। একজন গণিতবিদের চোখে কুরআনের শব্দ ও বর্ণের গাণিতিক বিন্যাস, সমাবেশ ও সংখ্যাগত তথ্যসমূহ ধরা পড়ে; কুরআনের উপর ঈমান আনার জন্য সেটাই তার কছে যথেষ্ট। অন্যদিকে বিজ্ঞানচর্চাকারীরা কুরআনের বর্ণিত তথ্যগুলিকে বৈজ্ঞানিক গবেষণায় পাওয়া ফলাফলের সাথে মিলিয়ে দেখতে চান।

কুরআনে বর্ণিত ঐতিহাসিক তথ্য

(১) ইরাম শহর ও কওমে আদ সম্পর্কে কুরআনের বর্ণনাঃ

হিকমতপূর্ণ কুরআনে ইরাম শহর ও কওমে আদের কথা বলা হয়েছে। অথচ কুরআন নাযিলের সময়ে এমন কি ১৯৭৩ সনের আগ পর্যন্ড় 'ইরাম' শব্দটি ইতিহাসবিদগণের কাছে সম্পূর্ণ অজানা ছিল। ইহুদী নাসারা ও মাজুসী ধর্মের কোন কিতাবেও ইরাম নামের কোন সন্ধান পাওয়া যায় না। কুরআনে বলা হয়েছে ঃ

□□□□□ □□□□ □□ □□□ _ □□□□□□ □□□ □□□ _ □□□□ □□□ □□□ □□□ □□ □□□}

{ □□□□□ □□

তুমি কি দেখনি তোমার রব কি করেছিলেন আদ কওমের। থাম্বাবিশিষ্ট ইরাম (শহর) কে? যার সমতুল্য কোন দেশে নির্মিত হয় নি।

(সূরা আল-ফজর ৮৯ ঃ ৬-৮) [১]

---

[১] ফাজর ৮৯: ৬-৮

"তুমি কি দেখো নি, তোমার রব আদের সাথে কি করেছিলেন। ইরাম, যারা সুউচ্চ প্রাসাদের অধিকারী ছিলো? যার সমতুল্য অন্যকোন নগরে নির্মিত হয় নি।"

এই আয়াতের তাফছীরে ইমাম ইবনুল জাওযী বলেন:

{ইরাম সম্পর্কে চারটি বক্তব্য আছে।

পহেলা বক্তব্য ইরাম একটি শহর। এই শহর সম্পর্কে তিনটি কথা আছে:

এক - এটা দিমাশক। (এটা ইবনে মুসায়্যিব, ইকরিমা ও খালিদ আর রাবাঈর কথা)

দুই - এটা ইসকানদারিয়াহ। (এটা মুহাম্মদ বিন কাবের কথা)

তিন - এটা শাদ্দাদ বিন আদের বানানো শহর (এটা কাব আহবারের কথা)

দোসরা বক্তব্য ইরাম একটি উম্মাহ। (এটা মুজাহিদের কথা)

তেসরা বক্তব্য ইরাম আদ জাতির একটি কবীলাহ। (এটা কাতাদাহর কথা)

চৌথা বক্তব্য ইরাম একটি লোকের নাম- নূহ (আ:) এর নাতি, আদের দাদা । (এটা ইবনে ইসহাকের কথা)

সতুনওয়ালা বা থাম্বাওয়ালা সম্পর্কে চারটি বক্তব্য আছে।

এক - ঐ শহরে অনেক থাম্বা ও তাবু ছিল।

দুই - ওরা ছিল লম্বা

তিন - ওরা ছিল শক্তির অধিকারী।

চার - ওরা ছিল থাম্বাযুক্ত ইমারতের অধিকারী।}

১৯৭৩ সনে সিরিয়ার অতি পুরাতন শহর Eblus-এ খনন কাজের মাধ্যমে প্রত্নতাত্তিকগণ মাটির ফলকের উপরে কিউনিফর্ম লিপিতে লেখা পুস্ড়কের এক বিরাট লাইব্রেরীর সন্ধান পেয়েছেন। এই ফলকসমূহের কতকগুলি চার হাজার বছরেরও বেশি পুরাতন। এখানে প্রাপ্ত ফলক পড়ে জানা যায় যে Eblus শহরের বসিন্দারা ইরাম শহরের বাসিন্দাদের সাথে তেজারত করত। (National Gographic, 1978)

১৯৭৩ সালে ইতিহাসবিদদের কাছে ইরাম শহরের অস্ড়িত্ব স্বীকৃত হল। তবে ইরাম শহর সম্পর্কে জানার বাকী রয়ে গেছে। মুসলিমরা কুরআন পড়েই ইরাম শহরের অস্ড়িত্বে বিশ্বাসী ছিলেন।

(২) মিসরের ইতিহাস ঃ ইউসুফ υ-এর সময়ে মিসরে বনী ইসরাঈলের আগমন এবং মূসা υ-এর সাথে মিসর থেকে তাদের ফিলিস্ড়ীনে হিজরত মিসরের ইতিহাসে দুইটি গুর"ত্বপূর্ণ ঘটনা। এই দুইটি ঘটনা বাইবেলে ও কুরআনে বর্ণিত হয়েছে। কিন্তু দুইটি বর্ণনার মধ্যে পার্থক্য লক্ষণীয়। বাইবেলে উভয় সময়ে মিসরের শাসককে 'ফেরাও' বলা

(ইবনুল জাওযীর তাফছীর শেষ)
অনুবাদকের মন্ড়ব্য:
{"তাহলে ইরাম শহরের নাম নয়" - এমন কথা নিশ্চিতভাবে বলা যায় না। কারণ ইরাম শহর সম্পর্কে তাবিঈরা কথা বলেছেন; তবে তারা একমত নন। ইরাম একটি উম্মাহ বা ইরাম একটি লোকের নাম - এগুলিও তাবিঈদের কথা, ওহী নয়।
শহরের নাম ও জাতির নাম একই হওয়াও অস্বাভাবিক কিছু নয়।
এখন তাবিঈদের ভিন্ন ভিন্ন বক্তব্য থেকে অবিশ্বাসীরা বলতে পারে, এগুলি পুরাকালের উপকথা। প্রত্নতাত্তিকরা ইরাম নামক শহরের সন্ধান পেলে অবিশ্বাসীদেরই সমস্যা।
ইরাম সম্পর্কে "আলণ্ঢাহ ছাড়া কেউ জানে না " এমন কথাও আমরা পাই নি।
আমরা বলি না যে কুরআনের তাফসীর করতে প্রত্নতাত্তিক হতে হবে। কিন্তু প্রত্নতাত্তিক তথ্য তাফসীর করতে সহায়তা করতেই পারে।
ইরাম নামে একটি কিছু ছিল এটাই ইসলামী আকীদাহ।
সেটা উম্মাহ না কি লোক না কি শহর এমন কিছু বলাতে আকীদাহ নষ্ট হয় না।}

হয়েছে। কিন্তু কুরআনে কেবল মূসা υ-এর সময়ের শাসককে ফিরাউন বলা হয়েছে এবং ইউসুফ υ-এর সময়ের শাসককে মালিক (বাদশাহ) বলা হয়েছে। (দেখুন সূরা বাক্বারাহ ২ ঃ ৪৯, সূরা ইউসুফ ১২ ঃ ৫০ এবং সূরা ইউসুফ ১২ ঃ ৪৩)

বর্ণনার এই ভিন্ন ভংগীর কারণ আগে বোঝা যায়নি। কিন্তু আধুনিক ইতিহাসবিদগণের গবেষণার মাধ্যমে জানা গেছে যে, ঈসা υ-এর জন্মের প্রায় ১৪০০ বছর আগে চতুর্থ আমেনহোতেপ-এর সময় থেকে মিসরীয় বাদশাহগণ ফিরাউন উপাধি ব্যবহার করতেন, তার আগে নয়। ইউসুফ υ চতুর্থ আমেনহোতেপ এর কমপক্ষে দুইশত বছর আগে মিসরে ছিলেন। বাইবেলে ইউসুফ υ-এর সময়ের বাদশাহকে ফিরাউন বলে যে উলেখ করা হয়েছে তা বাইবেলের রচনাকারীদের দ্বারা সংঘটিত একটি ভুল যারা মূসা υ-এর ওফাতের কয়েক শতাব্দী পরে এটি রচনা করেছিলেন। (Moses and Pharaoh): The Hebrews in Egypt, Maurice Buchaille. Tokyo, 1994 p. 176)

(৩) ধরনীর সবচেয়ে নিচু স্থলভূমিতে সংঘটিত যুদ্ধ : ৬১৩ ঈসায়ী সনে ফিলিস্ড়ীনের বাহরে লুত বা ডেডসী-র কাছাকাছি এলাকায় রোমান ও পারসিক বাহিনীর মধ্যে যুদ্ধ সংঘটিত হয়। পারসিকরা রোমানদের থেকে যের"সালেম আন্ড়াকিয়া ও দিমাশক ছিনিয়ে নেয়। মক্কার মুশরিকরা এতে উলসিত হয় এবং বলতে থাকে, "আমরাও অচিরেই মুসলিমদেরকে পরাজিত করব।" তাদের এই কথার প্রেক্ষিতে কুরআনের ৩০নং সূরাহ আর-রূমের আয়াতসমূহ নাযিল হয়।

[illegible]}
[illegible]
{ [illegible]

রোমানরা পরাজিত হয়েছে ধরণীর সবচেয়ে নিচুভাগে। কিন্তু তারা তাদের এ পরাজয়ের পর অচিরেই গালেব হবে কয়েক বছরের মধ্যেই। আগের ও পরের ফয়সালা আলাহরই। আর সেদিন ঈমানদাররা উৎফুল হবে আলাহর সাহায্যে। তিনি যাকে ইচ্ছা সাহায্য করেন।

(সূরা আর-রূম ৩০ ঃ ২-৫)

□□ □ শব্দের মানে নিকটবর্তী, সবচেয়ে নিচু বা নিচুমান সম্পন্ন।

□□□ □□ শব্দাবলীর দ্বারা যের‍ুসালেম ও জর্দান পরিবেষ্টিত এলাকাকে বুঝানো হয়েছে যেখানে ঐ যুদ্ধগুলি সংঘটিত হয়েছিল। আজ আমরা জানি যে ঐ এলাকাতে আছে বাহরে লুত বা ডেড সী, যার উপকূল সমুদ্র সমতল থেকে ৪২০ মিটার নিচে অবস্থিত এবং এটাই ধরণীর মধ্যে নিচুতম শুকনা স্থলভূমি।

□□ শব্দ দ্বারা তিন থেকে নয়ের মধ্যবর্তী কোন সংখ্যা বুঝায়। কুরআনের ভবিষ্যদ্বাণী অনুযায়ী ৬২২ ঈসায়ী সনে রোমানরা পারসিকদেরকে পরাজিত করে। আর ৬২৩ ঈসায়ী সনে মুসলিমরা বদর যুদ্ধে মক্কার মুশরিকদেরকে পরাজিত করে।

(৪) মরিয়াম (আঃ)-এর জন্মের বিবরণঃ খ্রিস্টানদের কাছে যে বাইবেল মওজুদ আছে তাতে মরিয়াম υ-এর জন্মের কোন বিবরণ নেই। কিন্তু কুরআনে মরিয়াম υ-এর জন্মকাহিনী বর্ণিত হয়েছে। কুরআনের বর্ণনা অনুযায়ী মরিয়াম (আঃ)-এর মা (হান্নাহ) তাঁর গর্ভস্থিত সন্তানকে আল□াহর উদ্দেশ্যে উৎসর্গ করেন। কিন্তু তিনি কন্যা সন্তানের জননী হন। তাঁর নিয়ত পূরণের উদ্দেশ্যে মরিয়াম υ-কে কিশোরী অবস্থায় বাইতুল মুকাদ্দাসের একটি হুজরায় ইবাদত করতে দেয়া হয়।

আলেম নিকটাত্মীয়দের মধ্যে প্রত্যেকেই এই পূর্ণবতী কিশোরীর তত্ত্বাবধানের দায়িত্ব নিতে আগ্রহী হন। অবশেষে তারা কলম নিক্ষেপ করে লটারির মাধ্যমে নির্বাচন করেন এবং যাকারিয়া υ এই দায়িত্বলাভ করেন। এই বিবরণ মহান আল□াহ কুরআন নাযিলের মাধ্যমে নবী মুহাম্মদ ρ ও মানব জাতিকে অবহিত করেছেন। মহান আল□াহ বলেন-

□□□□□□ □□□□ □□ □□□□ □□□ □□□ □□□ □□□□ □□□□ □□□□ □□ □□}

{□□□□□□ □□ □□□□ □□□ □□□ □□□□ □□□□ □□□

এটা গায়েবের খবরসমূহের একটি। তোমার কাছে ওহী নাযিল করেছি। তুমি তাদের কাছে ছিলে না যখন তারা তাদের কলম নিক্ষেপ

করছিল। তাদের মধ্যে কে মরিয়ামের তত্ত্বাবধান করবে [তা নির্ণয়ের জন্য] আর তুমি তাদের কাছে ছিলে না যখন তারা বাদানুবাদ করছিল।

(সূরা আলে-ইমরান ৩ ঃ ৪৪)

বস্তুতঃ মরিয়াম υ-এর জন্মকাহিনী খ্রিস্টানদের বাইবেলে অন্তর্ভুক্ত কোন পুস্তিকাতে নেই। ১৯৫৮ ঈসায়ী সনে আদিম খ্রিস্টানদের একখানি পুস্তিকা Gospel of James এর অংশবিশেষ পাওয়া যায়, যাতে মরিয়াম υ-এর জন্মের এই কাহিনী রয়েছে। এই পুস্তিকাটি কুরআন নাযিলের তিনশত বছর আগে থেকেই নিষিদ্ধ ও বিনষ্টযোগ্য বলে ঘোষিত ছিল।

কুরআনে ঈসা υ কে হার‍ূন υ-এর বংশধর হিসাবে বর্ণনা করা হয়েছে।

{□□□ □□□ □□□ □□□ □□□ □□□ □□□ □□□ □□ □□□□ □□□ □□}

হে হারূনের বোন [হারূন υ-এর বংশধর অর্থে] তোমার পিতা অসৎব্যক্তি ছিলেন না আর তোমার মাতাও ছিলেন না ব্যভিচারিণী।

(সূরা মারয়াম ১৯ ঃ ২৮)

আসমান-যমীনের পয়দায়েশ সম্পর্কে কুরআন

কুরআনে আসমান-যমীনের পয়দায়েশ সম্পর্কে কয়েকটি গুর‍ুত্বপূর্ণ তথ্য মানুষের সামনে উপস্থাপন করা হয়েছে।

(ক) আদিতে আসমান ও যমীন একত্রিত বস্তু হিসাবে বিদ্যমান ছিল, পরে তা থেকে আসমান ও যমীনকে আলাদা করা হয়।

মহান আল□াহ বলেন,

□□□□□□□ □□□ □□□ □□□□ □□□□□□ □□ □□□□ □□□ □□ □□□}

{□□□□□ □□□ □□ □□□ □□ □□□ □□ □□□□□

“যারা কুফর করে তারা কি দেখে না যে আসমানসমূহ ও ধরণী ওতপ্রোতভাবে মিশে ছিল এরপর উভয়কে আলাদা করলাম?” (সূরা আম্বিয়া ২১ ঃ ৩০) [২]

---

[২] **সূরা আম্বিয়া ২১ঃ ৩০তম আয়াত**
আসমান ও যমীন বদ্ধ (রাতক) ছিল
তাফছীর: ইমাম ইবনুল জাওযী বলেন:

(খ) আসমানসমূহকে সাত আসমানে বিন্যস্ড় করার আগে এগুলি ধুম্রপুঞ্জরূপে বিদ্যমান ছিল। মহান আল□াহ বলেন,

□□□□ □□ □□□□ □□□□ □□□□□ □□□ □□□□ □□□□ □□□□ □□□□□ □□ □□□□□ □□}

{ □□□□□ □□□□ □□□□

"এরপর তিনি আসমানের দিকে মনোনিবেশ করলেন যা ছিল ধুম্রপুঞ্জ।" (সূরা হা-মীম আস-সিজদাহ ৪১ ঃ ১১)

(গ) আসমানের পরিধি সম্প্রসারিত হচ্ছে।

মহান আল□াহ বলেন,

{□□□□□□□ □□□ □□□ □□□□□ □□□□□□}

আমি আমার হাত (ক্ষমতা) দিয়ে আসমান নির্মাণ করেছি এবং অবশ্যই আমি সম্প্রসারণকারী। (সূরা আয-যারিয়াত ৫১ ঃ ৪৭) [৩]

{আসমান ও যমীন রাতক ছিল- এই আয়াত সম্পর্কে ৩ রকম বক্তব্য আছে।

এক - ইকরিমা, আতা ও মুজাহিদের মতে রাতক মানে বৃষ্টিহীন। আসমান থেকে বৃষ্টি হত না। যমীনে ফসল হত না।

দুই - ইবনে আব্বাস, হাসান বসরী, কাতাদাহ ও সাঈদ বিন যুবাইরের মতে রাতক মানে ইলতাসাক্বা (আঠার মতো গায়ে গায়ে মিশে থাকা)। আসমান ও যমীন একসাথে মিশে ছিল। আলণ্ঢাহ এ দুটিকে আলাদা করেন।

তিন - সুদ্দী ও মুজাহিদের মতে একটি আসমান থেকে ৬টি আসমান বের করা হয়েছে আর একটি যমীন থেকে ৬টি যমীন বের করা হয়েছে। }

(ইবনুল জাওযীর তাফছীর শেষ)

অনুবাদকের মন্ড়ব্য:

আমরা Big Bang Theory বা বিস্ফোরণ এরকম কোন শব্দ ব্যবহার করতে চাই না। আমরা সমর্থনও করি নি। Big Bang Theory-তে অনেক বিষয় আছে। এই Theory-এর অনেক modification ভবিষ্যতে হতে পারে। তবে আসমানের আয়তন বাড়ানো বা গায়ে গায়ে মিশে থাকা আসমান ও যমীনকে আলাদা করা Big Bang Theory-এর সাথে সম্পর্কিত কথা।

[৩] **ওয়া ইন্না লামুসিউন" - আমি সম্প্রসারণ করি।"**

মহান আল□াহ বলেন,

{□□□□□ □□□ □□ □□□}

প্রত্যেকেই নিজ নিজ কক্ষপথে বিচরণ করে।

(সূরা ইয়াসীন– ৩৬ঃ৪০, সূরা আম্বিয়া ২১ঃ ৩৩)

কুলণ্ঢুন ফী ফালাকিন বলতে আসমানে অবস্থিত প্রত্যেকে। কারণ ফালাক বলতে আসমান-ই বুঝায়।

কুরআনে বর্ণিত এই ধারণাগুলি কুরআন নাযিলের চৌদ্দ শতাব্দী পরে বিজ্ঞানীদের নিকট ধরা পড়েছে। ১৯২৭ সালে বিজ্ঞানী লেমেটিয়ের পহেলা একটি ধারণা ব্যক্ত করেন যে, গ্যালাক্সিসমূহ পয়দা হওয়ার আগে মহাবিশ্বের সমস্ড় বস্তু একটি পিন্ডে ঘনীভূত ছিল। ১৯২৯ সালে এডউইন হাবল তার পর্যবেক্ষণ লব্ধ তথ্য থেকে প্রমাণ উপস্থাপন করেন যে. গ্যালাক্সিসমূহ একে অন্য থেকে দূরে সরে যাচ্ছে, যার দ্বারা বোঝা যায় যে মহাবিশ্ব এখনও প্রসারণশীল অবস্থায় আছে। এর ফলে লেমেটিয়ের-এর মতবাদের মূল ধারণাটিও বিজ্ঞানীদের কাছে সমর্থন লাভ করে।

ষ্টিভেন ভাইনবার্গ ১৯৭৭ সনে তার The First three minutes : A Modern View of the Origin of the Universe নামক পুস্ড়কে লিখেছেন, মহাবিশ্বের গ্যালাক্সিসমূহ গঠনের আগে মহাবিশ্বের বস্তুসমূহ গ্যাসীয় অবস্থায় বিরাজ করছিল।

ইমাম ইবনুল জাওযী বলেন:

{"আমি সম্প্রসারণ করি" - এই কালাম সম্পর্কে ৫টি বক্তব্য আছে।

এক - সম্প্রসারণ মানে বৃষ্টির মাধ্যমে রিযিক বাড়ানো (হাসান বসরীর কথা)

দুই - সম্প্রসারণ মানে আসমানের আয়তন বাড়ানো (ইবনে যায়দের কথা)

তিন - সম্প্রসারণ মানে পরিচালনা (ইবনে কুতায়বার কথা)

চার - সম্প্রসারণ মানে আসমান ও যমীনের মাঝে যেসব বস্তু আছে সেগুলোর বৃদ্ধি (যাজ্জানের কথা)

পাঁচ - সম্প্রসারণকারী মানে বিশালত্বের অধিকারী, যা করতে চান তাতে কুণ্ঠিত হন না (আল মাওয়ার্দীর কথা)}

আধুনিক বৈজ্ঞানিক অনুসন্ধান থেকে জানা গেছে যে, যেসব জায়গায় দুই সমুদ্র পাশাপাশি অবস্থান করে সেখানে উভয়ের সীমান্ডে় একরকম প্রতিবন্ধক (barrier) থাকে। এই প্রতিবন্ধক দুইটি সমুদ্রকে বিভাজন করে রাখে যাতে প্রত্যেক সমুদ্র তার নিজস্ব তাপমাত্রা, লবণাক্ততা ও ঘনত্ব বজায় রাখে। উদাহরণস্বরূপ ভূমধ্যসাগরের পানি আটলান্টিক মহাসাগরের পানির তুলনায় উষ্ণতর, অধিক লবণাক্ত এবং কম ঘনত্বসম্পন্ন। যখন ভূমধ্যসাগরের পানি জিব্রাল্টার প্রণালীর তলদেশের উপর দিয়ে আটলান্টিক মহাসাগরে প্রবেশ করে তখন এটা সমুদ্র সমতল বরাবর অবস্থান না করে আটলান্টিকের গভীরে প্রায় এক হাজার মিটার নিচে তার নিজস্ব উষ্ণতা, লবণাক্ততা ও ঘনত্ব নিয়ে অবস্থান করে।

(Principles of Oceanography, Davis, 1972, P. 92-93)

এভাবে আটলান্টিক ও ভূমধ্য সাগরের সীমান্ড় নির্দিষ্ট।



চিত্র : দুই দরিয়ার মাঝে নির্ধারিত সীমান্ড়

কুরআনে মহান আল□াহ এই ঘটনাটিকে এভাবে বর্ণনা করেছেন ঃ

{ □□□□□ □□ □□□□ □□□□□ _ □□□□□ □□□□□ □□□}

"তিনি বহমান রাখেন দুই সমুদ্রকে যারা একে অন্যের সাথে মিলিত হয়; উভয়ের মধ্যে আছে বারযাখ যা তারা অতিক্রম করতে পারে না"

(সূরা আর-রাহমান ৫৫ ঃ ১৯-২০) [৪]

[৪] **"তিনি রহমান রেখেছেন দুই সাগরকে। যারা একে অন্যের সাথে মিলিত হয়।**

৩। যমীনের স্থিতি রক্ষায় পর্বতের ভূমিকা ঃ

যমীনের কম্পনরোধে পর্বতের ভূমিকার কথা কুরআনে পরিষ্কারভাবে বলা হয়েছে। যেমন,

□□□□□ □□□□ □□□□□ □□□□ □□□□□□ □□□ □□□□ □□ □□□□□ □□□□ □□ □□□□□□}

{□□□□□□

ধরণীতে পয়দা করেছি শক্ত পর্বতমালা যাতে তা ওদেরকে নিয়ে কম্পিত না হয়। (সূরা আম্বিয়া ২১ ঃ ৩১)

{ □□□□□ □□□□□ _ □□□□□ □□□□ □□□□ □□}

যমীনকে কি করি নাই বিছানা এবং পর্বতসমূহকে কীলক?

(সূরা আন-নাবা ৭৮ ঃ ৬-৭)

{ □□□□□ □□□□□}

তিনি পর্বতকে শক্তভাবে গেড়ে দিয়েছেন। (সূরা আয-নাযিআত ৭৯ ঃ ৩২)

উভয়ের মধ্যে আছে বারযাখ, যা তারা অতিক্রম করতে পারে না।" (আর রহমান ৫৫: ১৯-২০)

ইমাম ইবনুল জাওযী বলেন:

{মারাজাল বাহরাইন মানে তিনি মিষ্টতা ও লবণাক্ততা প্রেরণ করেন এবং একে অন্যের সাথে মিলিত হয়।

বাইনাহুমা বারযাখ মানে তাদের মাঝে আছে حاجز

লা ইয়াবগিয়ান মানে তাদের একে অন্যের সাথে মেশে না।

ইবনে আব্বাস বলেন, "এ দুটি আসমানের সাগর এবং যমীনের সাগর।"

হুসাইন বলেন, **"বাহরাইন মানে পারস্যের সাগর এবং রোমানদের সাগর আর বারযাখ হচ্ছে মেসোপটেমিয়া।"** }

(ইবনুল জাওযীর তাফছীর শেষ)

অনুবাদকের মন্ড়ব্য:

তাহলে ভৌগোলিক ব্যাখ্যা নতুন কিছু নয়।

ভূতত্ত্বে যমীনের বহিরাবরণের স্থিতি রক্ষায় পর্বতের ভূমিকা একটি সম্প্রতি আবিষ্কৃত তথ্য। যমীনের বহিরাবরণ (crust) একটি কঠিন খোলের মত। অন্যদিকে গভীরতর তবকসমূহ গরম এবং তরল। Press ও Siever এর মতে যমীনের বহিরাবরণের স্থিতি রক্ষায় পবর্তসমূহ এক গুর‍ুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ধরণীর ব্যাস প্রায় ১২,০৬৬ কি. মি. এবং এর বহিরাবরয়ণ খুব পাতলা ঃ মাত্র ১.৬ থেকে ১৬ কি. মি. পুর‍ুত্ব বিশিষ্ট।[৫]

যেহেতু বহিরাবরণটি পাতলা, সেহেতু এর কম্পনের প্রবণতা খুব বেশি। পর্বতসমূহ পেরেক বা কীলকের মত কাজ করে ফলে জমীনের বহিরাবরণ স্থিতিলাভ করে। মহাসাগরসমূহের নিচে যমীনের বহিরাবরণ মাত্র ৫ কি.মি. পুর‍ু, মহাদেশীয় সমতলে এটি প্রায় ৩৫ কি. মি. পুর‍ু এবং বড় বড় পর্বতমালার নিচে এটি প্রায় ৮০ কি. মি. পুর‍ু। এগুলি শক্ত বুনিয়াদ যার উপর পর্বতসমূহ দাঁড়িয়ে থাকে।

(Earth, Press and Siever. 1982, San Francisco P-435)



চিত্র : কীলকের ন্যায় পর্বত

৪। পানিচক্র

[৫] "ধরণীর ব্যাস প্রায় ১২,০৬৬ কিলোমিটার।" ভুগোলবিদদের এই পরিমাপ ধারণা মাত্র। "যমীনের গভীরতা আলণ্ডাহ ছাড়া আর কেউ জানে না, যিনি তা সৃষ্টি করেছেন।" (আহমাদ)

কুরআনের নিম্নবর্ণিত আয়াতগুলিতে পানিচক্রের কথা ব্যক্ত করা হয়েছে।

[illegible]}

{ [illegible]

আসমান থেকে পরিমিতভাবে পানি নাযিল করি এরপর তা যমীনের মধ্যে সংরক্ষিত করি আমি একে অপসারণ করতেও সক্ষম।

(সূরা আল-মুমিনুন ২৩ ঃ ১৮)

০ ০০ ০ ০ ০ ০ ০০ ০

০ ০০ ০ ০ ০ ০ ০০ ০

০ ০০ ০ ০ ০ ০ ০০ ০

তিনি বায়ু প্রেরণ করেন সুসংবাদবাহীরূপে তাঁর রহমতের পূর্বে [অর্থাৎ বৃষ্টির পূর্বে] এরপর যখন তা ভারী মেঘবহন করে তখন তাকে নির্জীব ভু-খ‍ের দিকে চালনা করি। (সূরা আরাফ ৭ ঃ ৫৭)[৬]

[illegible]}

[illegible]

{ [illegible]

তুমি কি দেখ না আল্লাহ আসমান থেকে পানি নাযিল করেন এরপর তাকে যমীনে ঝরণারূপে বহমান করেন এবং তা দিয়ে মুখতালিফ রঙের ফসল উৎপন্ন করেন? (সূরা আয-যুমার ৩৯ ঃ ২১)

[৬] আলণ্ডাহ প্রথম পানি সৃষ্টি করেছিলেন। তারপর পানিকে ঘণীভূত করে যমীন এবং আসমান তৈরী করেছেন।

অতএব যমীন এবং আসমান দুটোই পানির উৎস।

আলণ্ডাহ বলেন, **"তিনি যমীন থেকে তার পানি ও শস্য বের করেন।"** (৭৯:৩১)

আসমানকে পানির উৎস ধরেও পানিচক্রকে ব্যখ্যা করা যায়।

১৪০০ বছর আগের অন্য কোন কিতাবেই পানিচক্রের এমন শুদ্ধ বর্ণনা পাওয়া যায় না। ১৫৮০ ঈসায়ী সনে বিজ্ঞানীদের মধ্যে পহেলা ব্যক্তি হিসাবে বার্নার্ড পালিসি পানি চক্রের আধুনিক ধারণা ব্যক্ত করেন। তিনি বর্ণনা করেন যে, সাগর থেকে পানি বাষ্পীভূত হয় এবং ঠা=া হয়ে মেঘ গঠন করে। মেঘ মূলভূমির উপরে এসে উঁচুতে ওঠে, ঘনীভূত হয় এবং বৃষ্টি হয়ে ঝরে।

মেঘের সঞ্চালন ও বজ্রবিদ্যুৎ উৎপাদনের কথা ব্যক্ত হয়েছে কুরআনের এই আয়াতে ঃ

[illegible]}

[illegible]

{ [illegible]

তুমি কি দেখ না আল⃞াহ সঞ্চালিত করেন মেঘমালাকে, এরপর তাদেরকে পুঞ্জীভুত করেন এরপর তুমি বৃষ্টিকে দেখ ওর মধ্য থেকে বের হতে। তিনি আসমান থেকে নাযিল করেন এর পর্বত থেকে শিলাবৃষ্টি। এ দিয়ে তিনি যাকে ইচ্ছা আঘাত করেন এবং যাকে ইচ্ছা তার উপর থেকে একে অন্যদিকে ফিরিয়ে দেন। এর বিদ্যুতের উজ্জ্বলতা দেখার ক্ষমতা প্রায় কেড়ে নেয়। (সূরা আন-নূর ২৪ ঃ ৪৩)

এই আয়াতে বৃষ্টি বর্ষণের পরে শিলাবৃষ্টি ও এরপর বিদ্যুতের কথা বলা হয়েছে এ থেকে বুঝা যায় যে, বিদ্যুৎ উৎপন্ন হয় শিলাপিন্ডে। আরো লক্ষণীয় যে এ আয়াতে আসমানে অবস্থিত পর্বতের কথা বলা হয়েছে। এগুলি হচ্ছে আসমানে ভাসমান শিলামেঘের পর্বত।



চিত্র : মেঘ

বিজ্ঞানীরা জানতে পেরেছেন যে, শিলাপিন্ডে উৎপন্ন নেগেটিভ চার্জ থেকেই বিদ্যুৎ উৎপন্ন হয়। আরো জানা গেছে যে, যেসব মেঘ থেকে শিলা বর্ষিত হয় সেগুলোর উচ্চতা ৭৬০০ মিটার থেকে ৯১০০ মিটার পর্যন্ড় হয়ে থাকে।

৫। মৌমাছিদের জ্ঞান ও সামাজিক কাঠামো

মোমাছিদের আচরণ ও ভাব-বিনিময়ের উপর গবেষণার জন্য ১৯৭৩ সনে বিজ্ঞানী Von-Frisch নোবেল পুরষ্কার লাভ করেন। বৈজ্ঞানিক অনুসন্ধানের ফলে আজ এটা সবাই জানে যে, কর্মী মৌমাছিরা আসলে স্ত্রী মৌমাছি, আর মৌমাছিদের নেতৃত্বে থাকে রাণী মৌমাছি। মৌমাছিরা কোন জায়গায় মধুযুক্ত ফুলের সন্ধান পেলে তাদের সহকর্মীদের কাছে ফিরে যায় এবং তাদেরকে ঐ জায়গার অবস্থান সংকেতের মাধ্যমে বুঝিয়ে দেয়। কুরআন বলে যে, মৌমাছিদের এই জ্ঞান আল⃞াহর দান।

[illegible]}

[illegible]

{[illegible]

তোমার পালনকর্তা মৌমাছিকে ওহী করেন, ঘর বানাও পাহাড়ে ও গাছে এবং তারা [মানুষ] যে মাচান তৈরি করে তাতে; এরপর প্রত্যেক ফল থেকে খাও এরপর তোমার পালনকর্তার সহজ পথ সুলুক কর।

(সূরা আন-নাহল ১৬ ঃ ৬৮-৬৯)।

এখানে কুলি (খাও) এবং ইসলুকি (সুলুক কর) এই দুইটি আরবী ক্রিয়াপদ স্ত্রীবাচক। এ থেকে বোঝা যায় যে যেসব মৌমাছি খাদ্য যোগাড় করে তারা স্ত্রী মৌমাছি। অথচ মাত্র তিনশত বছর আগেও মানুষের ধারণা ছিল মৌমাছিদের সমাজে একটি রাজা মৌমাছি থাকে আর কর্মী মৌমাছিরাও পুরুষ।

চিত্র : মৌচাক

৬। পিপড়ার জীবনাযাত্রা ও ভাব-বিনিময়

কুরআনের এই আয়াতটি সম্পর্কে চিন্তা করা যাক ঃ

[illegible]}

{[illegible]

যখন তারা পিপীলিকার উপত্যকায় পৌঁছল এক পিপীলিকা বলল, হে পিপীলিকা সকল! তোমরা তোমাদের নিবাসে দাখিল হও যেন সুলায়মান ও তার সৈন্যদল তোমাদেরকে পদতলে পিষে না ফেলে তারা না বুঝতে পেরে। (সূরা আন-নামল ২৭ ঃ ১৮)

অতীতে নিশ্চয়ই কিছু লোক কুরআন সম্পর্কে এরকম মশ্‌করা করার সুযোগ পেত -এই কুরআন কি একটা রূপকথার কাহিনী যেখানে পিপড়ারা

একে অন্যের সাথে কথা বলে? প্রাণিবিজ্ঞানীদের গবেষণায় প্রমাণিত হয়েছে যে, পিঁপড়ারা একে অন্যের সাথে ভাব-বিনিময় করে। তদুপরি পিঁপড়াদের জীবনযাত্রা মানুষের জীবনযাত্রার সাথে সবচেয়ে সাদৃশ্যপূর্ণ।

প্রাণিবিজ্ঞানীরা জানতে পেরেছেন ঃ

(১) পিঁপড়াদের নিজেদের মধ্যে ভাব-বিনিময়ের উন্নত পদ্ধতি আছে।

(২) তাদের একে অন্যের সাথে মোলাকাত হলে তারা খবরাখবর বিনিময় করে।

(৩) তাদের মধ্যে শ্রম-বিভাজন আছে। অর্থাৎ তাদের মধ্যে কেউ ম্যানেজার, কেউ সুপারভাইজার; কেউ ফোরম্যান, কেউ শ্রমিক।

(৪) তারা তাদের কেউ মরে গেরে তাকে কবর দেয়, যেমন মানুষরা মুর্দাকে কবর দিয়ে থাকে!

ধরণীতে উদ্ভিদ ও প্রাণিসমূহের আবির্ভাব ঃ

মহান আল্লাহসকল প্রজাতির উদ্ভিদ ও প্রাণী সৃষ্টি করেছেন। এগুলো নিজে নিজে পয়দা হয় নি বা বির্তনের মাধ্যমে বিবর্তিত হয়নি।

মহান আল্লাহ বলেন ঃ

[illegible]}

[illegible]

{ [illegible]

আল্লাহ পানি থেকে সকল প্রাণী পয়দা করেছেন এদের মধ্যে কতক তাদের পেটে ভর করে চলে, আর কতক দুই পায়ে বিচরণ করে আর কতক চার পায়ে বিচরণ করে। আল্লাহ তা পয়দা করেন যা তিনি ইচ্ছা করেন। (সূরা আন-নূর ২৪ ঃ ৪৫)

[illegible]}

{[illegible]

পবিত্র তিনি যিনি জোড়ায় জোড়ায় পয়দা করেছেন প্রত্যেকটির যা উৎপন্ন করে যমীন (অর্থাৎ উদ্ভিদ) আর তাদের নিজেদের ভেতরেও (অর্থাৎ মানুষ) আর সে সবেও যা তারা জানে না। (সূরা ইয়াসিন ৩৬ ঃ ৩৬)

{ [illegible] }

এরপর তা দিয়ে খেজুর ও আঙ্গুরের বাগান বানাই।

(সূরা আল-মুমিনুন ২৩ ঃ ১৯)

আর পয়দা করি এক গাছ যা সিনাই পর্বতে জন্মে, তা থেকে তেল উৎপন্ন হয় আর ভক্ষণকারীদের জন্য রঙীন তরকারি। (অর্থাৎ যয়তুনের কথা বলা হয়েছে)। (সূরা আল-মুমিনুন ২৩ ঃ ২০)

{ [illegible] }

তারা কি উটের দিকে নজর দেয় না কিভাবে তাকে পয়দা করা হয়েছে? (সূরা আল-গাশিয়াহ ৮৮ ঃ ১৭)

[illegible] }

[illegible]

{ [illegible]

আল্লাহর পরিবর্তে তোমরা যাদেরকে ডাক তারা কখনও একটা মাছিও পয়দা করতে পারে না, এজন্য তারা সবাই একত্রিত হলেও।

(সূরা আল-হাজ্জ ২২ ঃ ৭৩)

{ [illegible] }

স্মরণ কর যখন তোমাদের পালনকর্তা ফেরেশতাদেরকে বলেছিলেন, 'আমি কালো শুকনো মাটির কাদা থেকে মানুষ পয়দা করছি।'

(সূরা আল-হিজর ১৫ ঃ ২৮)

বর্ণিত আয়াতগুলো থেকে এটা পরিষ্কার যে, মহান আল্লাহ তাঁর ইচ্ছা মোতাবিক বিভিন্ন উদ্ভিদ ও প্রাণী পয়দা করেছেন।

যুক্তিবিদ্যা ও সংখ্যাতাত্ত্বিক বিস্ময় ঃ

গ্যারি মিলার ওরফে আব্দুল আহাদ ওমর একজন কানাডীয় গণিতবিদ, নওমুসলিম এবং ভূতপূর্ব খ্রিস্টান মিশনারী। তিনি কুরআন মজীদকে যুক্তিবিদ্যার নিয়মাবলী দ্বারা পরখ করে দেখেছেন। তিনি মন্তব্য করেন,

"There are no wasted words in the Quran; each verse is perfected. It could not be in a better form. One could not use fewer words to say something or if one uses more wsrds one would only be adding superfluous information."

(The basis of Muslim Belief Singapore, 2000)

অর্থ "কুরআনে কোন অপব্যয়িত শব্দ নেই। প্রতিটি আয়াত চরম উৎকর্ষ প্রাপ্ত। এর চেয়ে উৎকৃষ্টতর কোন গঠন হতে পারে না। কোন ভাব প্রকাশের জন্য কেউ এর চেয়ে কম শব্দ ব্যবহার করতে পারবে না অথবা যদি কেউ বেশি শব্দ ব্যবহার করে তবে সে এর দ্বারা অপ্রয়োজনীয় অতিরিক্ত তথ্য যুক্ত করবে।"

নিম্নবর্ণিত উদাহরণগুলি আব্দুল আহাদ ওমরের 'The Basis of Muslim Belief' পুস্তিকা থেকে নেয়া হয়েছে। কুরআনে ইয়াওমুন (দিবস) শব্দটি আছে ৩৬৫ বার, শাহরুন (মাস) শব্দটি আছে ১২ বার এবং সানাতুন (বর্ষ) এবং সিনীন (বর্ষ) শব্দ দুটি আছে (৭+১২=) মোট ১৯ বার। যদিও দিবস শব্দটির ৩৬৫ বার ব্যবহার ঐ বিষয়টির দিকেই ইশারা করে। মাস শব্দটির সাথে ১২ সংখ্যাটির সম্পর্ক সবচেয়ে নিবিড়। বছর শব্দের সাথেও ১৯ সংখ্যাটির একটি সম্পর্ক আছে। গ্রীক বিজ্ঞানী মেটন আবিষ্কার করেন যে সূর্য, চাঁদ ও পৃথিবীর আপেক্ষিক অবস্থান ১৯ বছর পরপর একই স্থানে আসে। একে মেটনিক সাইকেল বলা হয়।

কুরআনের ১৮নং সূরা (সূরা কাহফ), আয়াত নং ২৫ এ আমরা পড়ি

{ [illegible] }

তারা গুহায় ছিল তিনশত বছর এবং তা আরো নয় (বছর) বৃদ্ধি কর। [৭]

---

[৭] তাফছীর: ইমাম ইবনুল জাওযী বলেন:

{তারা গুহায় ছিলো তিনশত বছর এবং তা আরো নয় (বছর) বৃদ্ধি কর- এই কালাম সম্পর্কে ২টি বক্তব্য আছে।

আয়াতটিতে বলা হয়নি যে 'তিনশত নয় বছর'। বরং এখানে তিনশত বছরই বুঝানো হয়েছে এবং এর সমতুল্য তিনশত নয় বছর বুঝানো হয়েছে। বাস্ড়ব ঘটনা হল তিনশত সৌর বছর তিনশত নয় চন্দ্র বছরের সমান। একটি শব্দ ব্যবহার করা ও উল্লেখ করার মধ্যে পার্থক্য আছে। যখন একটি শব্দকে আমরা ব্যবহার করি তখন শব্দটি যে অর্থ বহন

এক - এটা মানুষের হেকায়াত, আসহাবে কাহাফের অবস্থান কালের সত্য পরিমাপ নয় যেমন কাতাদাহ বলেন, এটা আহলে কিতাবদের কথা।

দুই - এটাই আসহাবে কাহাফের অবস্থান কালের সত্য পরিমাপ। (অর্থাৎ আলণ্ঢাহর কথা) এই বক্তব্য মুজাহিদ, যাহহাক, ইবনে যায়েদ এবং উবায়েদ বিন উমায়েরের।

ইবনুছ ছাঈব বলেন, ইহুদী নাসারারা বলত, তাদের তিনশত বছর অবস্থান করার কথা আমরা জানি। কিন্তু নয় বছর যোগ করার কথা আমরা জানি না। তখন পরবর্তী আয়াত নাযিল করে বলা হয় (তোমরা না জানলেও আলণ্ঢাহ ভালোমত জানেন।

আল মাওয়ার্দী বলেন, নয় বছর দ্বারা সৌর বছর ও চন্দ্র বছরের তফাৎ বুঝানো হয়েছে। }

(ইবনুল জাওযীর তাফছীর শেষ)

অনুবাদকের মন্ড়ব্য:

সূরা কাহাফের ২৫ ও ২৬- তম আয়াতের মধ্যে সম্পর্ক কী এটা বিতর্কের উর্ধে নয়। কারো মতে ২৬- তম আয়াত ২৫-তম আয়াতের উদ্ধৃতিকে বিরোধিতা করে। কারো মতে ২৫-তম আয়াত আলণ্ঢাহর কথা, মানুষের উদ্ধৃতি নয়।

২৬-তম আয়াতের মাধ্যমে ২৫-তম আয়াতের উদ্ধৃতিকে সমর্থনই করা হয়েছে।

আমি খুজে দেখলাম বর্তমান নাসারাদের মধ্যে অনুরূপ যে কাহিনী (Story of Seven Sleepers) চালু আছে সেখানে ৩০০ বছর না ২১০ বছরের কথা বলা হয়। হাদীছে আছে যে, মাস কখনো ২৯শে, কখনো ৩০শে হয় (বুখারী)।

পৃথিবী ৩৬৫ দিনে সূর্যকে প্রদক্ষিণ করুক আর না করুক, ৩৬৫ দিন পরপরই শীত ও গরম ঋতু বদল হয়। অতএব

সৌর বছরকে অস্বীকার করার কিছু নাই। সৌর বছর ধরে হজ্জ, সিয়াম এগুলো ত আমরা করতে বলি নাই।

করে শব্দটি দ্বারা সেই অর্থটিকে বুঝি। যখন আমরা শব্দটি উলে□খ করি তখন আমরা সেই শব্দটি নিয়েই আলোচনা করি।

উদাহরণস্বরূপ যদি আমি বলি TORONTO is a large city তখন আমি বুঝাতে চাই টরোন্টো নামক একটি জায়গা যা একটি বড় শহর। কিন্তু যদি আমি বলি TORONTO has seven letters, তাহলে আমি TORONTO শব্দটি সম্পর্কে বলছি যাতে T, O, R, O, N, T, O এই সাতটি হরফ আছে। প্রথম উদাহরণ শব্দ ব্যবহারের এবং দ্বিতীয় উদাহরণ শব্দ উলে□খের।

এখন কুরআনের এই আয়াতটি বিবেচনা কর্ন ঃ

{[illegible]}

অকশ্যই আল□াহর কাছে ঈসার উপমা আদমের উপমার মত।

(সূরা আলে-ইমরান ৩ ঃ ৫৯)

আয়াতটিতে অবশ্যই ঈসা ও আদম ৩ নামে দুইজন ব্যক্তিকে তুলনা করা হয়েছে। অন্যসব মানুষ যেখানে পিতা ও মাতা উভয়ের মাধ্যমে জন্মলাভ করেছে এই দুইজন ব্যক্তি তাদের ব্যতিক্রম। 'ঈসা' ও 'আদম' শব্দ দুটিকে এই আয়াতে ব্যবহার করা হয়েছে আর ব্যবহারের দিক দিয়ে বাক্যটি সত্য। কিন্তু যখন আমরা এই বাক্যে শব্দ দুটি ব্যবহার নয় বরং শব্দদ্বয়ের উলে□খ করার বিষয়টি বিবেচনা করব, তখনও কি বাক্যটি সত্য থাকবে? এই বাক্যটি যে রচয়িতা রচনা করেছেন তিনি কি এই বিষয়টি বিবেচনায় নিয়েছিলেন যে, এক সময় লোকেরা শব্দের উলে□খ করা নিয়ে আলোচনা করবে? হ্যাঁ। কারণ এর রচয়িতা স্বয়ং আল□াহ। সকল জ্ঞানই তাঁর। তিনি যতটুকু ইচ্ছা করেন সেই ইচ্ছা অনুযায়ী মানুষ জ্ঞান অর্জন করতে পারে।

আলোচ্য আয়াতটিতে আদম ও ঈসা শব্দের অর্থ চিন্ড়া না করে যদি আমরা কেবল শব্দদ্বয়ের উলে□খ করার কথা চিন্ড়া করি, তবুও বাক্যটি সত্য। কিভাবে আদম শব্দটি ঈসা শব্দের সাথে তুলনীয়? হ্যাঁ, কুরআন মজীদে ঈসা শব্দটি আছে ২৫ বার আর আদম শব্দটিও আছে ২৫ বার। এখানে উল্লেখ্য যে, কুরআনের শব্দ নির্দেশিকা তৈরি হয়েছে ১৯৪৫ ঈসায়ী

সনের পরে। শব্দনির্দেশিকাটি একজন শায়খ ও তার ছাত্রদের কয়েক বছরের পরিশ্রমের ফসল যেখানে তারা কুরআনের প্রতিটি শব্দকে তালিকাভুক্ত করেছেন এবং শব্দগুলিকে কোথায় কোথায় পাওয়া যায় তা নির্দেশ করেছেন। আরেকটি আয়াত দেখুন ঃ

{[illegible]}

অতএব তার উপমা কুকুরের উপমার মত.........যারা আমার আয়াত সমূহকে মিথ্যা গণ্য করে তাদের উপমা এমন। (সূরা আ'রাফ ৭ ঃ ১৭৬)

কুরআন মজীদে কুকুর শব্দটি আছে ৫বার আর ক্বাওমিল্লাযীনা কাযযাবু বি আয়াতিনা এই শব্দমালাও আছে ৫ বার।

কুরআন মজীদে কাফেরদের বক্তব্য উদ্ধৃত করা হয়েছে ঃ

{[illegible]}

তারা বলে রিবা (সুদ) তো বেচাকেনার মত। (সূরা বাক্বারাহ ২ ঃ ২৭৫)

সুদখোরদের ঐ বক্তব্যকে খণ্ডন করে। মহান আল্লাহ বলেন,

{[illegible]}

বরং আল্লাহ বেচাকেনাকে হালাল করেছেন এবং রিবাকে হারাম করেছেন। (সূরা বাক্বারাহ ২ ঃ ২৭৫)

কুরআনে রিবা ও বাই' (বেচাকেনা) শব্দ দুটিকেও ব্যবহার করা হয়েছে অসম সংখ্যায়। রিবা শব্দটি ربوا রা+বা+ওয়াও+আলিফ বানানে আছে ৫ বার এবং ربا রা+বা+আলিফ বানানে ১ বার; মোট (৫+১=৬) বার। আর বাইউন শব্দটি কুরআনে আছে ৭ বার।

কুরআনে বলা হয়েছে ঃ

{[illegible]}

"তুমি বল, খবীছ ও তায়্যিব সমান নয়।" (সূরা মায়িদাহ ৫ ঃ ১০০)

খবীছ বস্তু বা বিষয় তায়্যিব বস্তু বা বিষয়ের সাথে অবশ্যই তুলনীয় নয়। এখন আমরা কুরআনে খবীছ ও তয়্যিব দশব্দদ্বয়কে গণনা করলে উভয়টি ৭ বার করে পাই। আমরা উপরের আলোচনার আলোকে আশা করতে পারি যে শব্দ দুটি ভিন্ন ভিন্ন সংখ্যায় ব্যবহৃত হবে। কিন্তু তা হয়নি। কারণ কি? মহান আল্লাহ বলেন,

{[illegible]}

"তুমি বল, খবীছ ও তয়্যিব সমান নয়। যদিও খবীছের আধিক্য তোমার কাছে আজব মনে হয়। অতএব হে বোধশক্তিসম্পন্নরা! আল্লাহকে ভয় কর। যাতে তোমরা সফল হতে পার।" (সূরা মায়িদাহ ৫ ঃ ১০০)

এখানে জটিলতার সমাধান দেওয়া হয়েছে। খবীছের আধিক্য মানুষকে তাজ্জব করে দেবে। কিন্তু যারা বোধশক্তিসম্পন্ন তারা জানে সমস্ত খবীছ বর্জনীয়। অতএব খবীছ শব্দটি সাতবার উল্লেখ করা হলেও আমরা সেগুলিকে একত্রিত করে মাত্র একবার গণনা করব।

আব্দুল আহাদ উমর (গ্যারি মিলার) বলেন,

somebody said: "How do we know we still have the original Quran. May be pieces of it have been lost or extra parts been added?" I pointed out to him that we had pretty well covered that point because since thess items, the perfect balance of words in the Quran, have come to light only in this generation, anybody who would be lost the portion of this book, hidden some of it, or added some of their own would have been aware of this carefully hidden code in the book. They would have destroyed this perfect balance.

অর্থ কেউ একজন বলেছিল ঃ "কিভাবে আমরা জানব যে আমাদের কাছে আসল কুরআন আছে? সম্ভবত এর কিছু অংশ হারিয়ে গেছে, অথবা অতিরিক্ত অংশ এর সাথে যোগ করা হয়েছে?" আমি তাকে বললাম যে, আমরা এ বিষয়টিকে ভালোভাবে আলোচনা করেছি। কারণ এই আইটেম

অর্থাৎ কুরআনের perfect balance of words সম্প্রতি এই প্রজন্মের নজরে এসেছে।

অতীতে কেউ কুরআনের কিছু অংশ হারিয়ে ফেললে, গোপন করলে অথবা অতিরিক্ত অংশ যোগ করলে তারা এই সযত্নে লুকায়িত কোড সম্পর্কে না জানার কারণে এই perfect balance নষ্ট করে ফেলত। (অর্থাৎ বাস্ড়্বে এই শব্দের তারসাম্য অক্ষুন্ন থাকাই প্রমাণ করেছে আসল কুরআনে কোন হেরফের ঘটে নি)

[The Basis of Muslim Belief, Gary Miller, Singpore, 2000]

মানুষের মনোদৈহিক স্বাস্থ্য সম্পর্কে কুরআনের বিবরণ ঃ

মানুষের মনোদৈহিক স্বাস্থ্য রক্ষায় ঘুমের প্রয়োজন অপরিসীম।

মহান আল□াহ বলেন,

{□□□□ □□□□ □□□□ □□□□ □□□□ □□□□ □□□□ □□□ □□□ □□□ □□□}

আর তিনিই তোমাদের জন্য রাত্রিকে লেবাস বানিয়েছেন এবং ঘুমকে করেছেন বিশ্রাম এবং দিবসকে করেছেন জাগরণের সময়।

(সূরা আল-ফুরক্বান ২৫ ঃ ৪৭)

মহান আল□াহ অন্যত্র বলেন,

{□□□□ □□□□ □□□□_ □□□□ □□□□ □□□□_ □□□□ □□□□ □□□□}

আর তোমাদের নিদ্রাকে করেছি বিশ্রাম এবং রাত্রিকে করেছি লেবাস এবং দিবসকে করেছি জীবিকা আহরণের সময়। (সূরা আন-নাবা ৭৮ ঃ ৯-১১)

ঘুম উদ্বেগ, উৎকণ্ঠা ও ভয় দূর করে। চিকিৎসকগণ তাই উদ্বিগ্ন ও ভীত রোগীদেরকে ঘুমের ঔষধ দিয়ে থাকেন। কুরআনে এই বিষয়টি আলোচিত হয়েছে।

মহান আল□াহ বলেন,

{□□□ □□□ □□□□ □□□□□ □□}

তখন তিনি তার তরফ হতে স্বস্ড়্রি জন্য তোমাদেরকে তন্দ্রায় আচ্ছন্ন করেন। (সূরা আনফাল ৮ ঃ ১১)

আয়াতটি বদর যুদ্ধ প্রসঙ্গে নাযিল হয়। বদর যুদ্ধের ময়দানে এক সময়ে ক্ষণিকের জন্য মুসলিম বাহিনী তন্দ্রায় আচ্ছন্ন হয়। এতে তাদের উদ্বেগ ও ভীতি দূর হয়ে যায়।

কুরআন শরীফে ভয় দেখানোর দুইটি রীতি দেখা যায়।

(এক) আল□াহর নিজ সত্তার ভয় দেখানো,

(দুই) তাঁর আযাবের ভয় দেখানো। আযাবের ভয় সকল মানুষই করে। কিন্তু যারা আল□াহর ক্ষমতা সম্পর্কে অবগত ও বিশ্বাসী তারা আল□াহকেই ভয় করে। কুরআনে আমরা দেখি যে নবী, রাসূল, ঈমানদার এবং আহলে কিতাবদেরকে আল□াহ তাঁর নিজ সত্ত্বার ভয় দেখিয়েছেন। যেমন-

{□□□□ □□□□ □□□□ □□□□ □□□□ □□}

হে আমার ঈমানদার বান্দাগণ! তোমরা তোমাদের পালনকর্তাকে ভয় কর। (সূরা আয-যুমার ৩৯ ঃ ১০)

{□□□□□ □□□}

(হে বনু ইসরাঈল!) তোমরা আমাকেই ভয় কর। (সূরা বাক্বারাহ২ ঃ ৪০)

{□□□□ □□□ □ □□□□□}

তোমরা আমাকেই ভয় কর, হে বোধসম্পন্ন ব্যক্তিগণ!

(সূরা বাক্বারাহ ২ ঃ ১৯৭)

অবিশ্বাসী ও মুনাফিকদের ক্ষেত্রে আল□াহ জাহান্নামের ভয় দেখিয়েছেন। কারণ তারা আল□াহর সত্ত্বাকে ভয় করার বিষয়টি উপলব্ধি করতে অক্ষম। যেমন-

{[illegible]}

যদি তোমরা তা না কর, আর কখনই তা করতে পারবে না তবে আগুনকে ভয় কর। (সূরা বাক্বারাহ ২ ঃ ২৪)

{[illegible]}

শীঘ্রই তাকে শাস্তির পাহাড়ে চড়াব। (সূরা আল-মুদ্দাচ্ছির ৭৪ ঃ ১৭)

{[illegible]}

যারা কুফরী করে তাদের জন্য আছে ফুটন্ত পানির পানীয় এবং বেদনাদায়ক আযাব। (সূরা ইউনুস ১০ ঃ ৪)

কুরআনের অনেক বিস্ময়কর দিক আছে যা প্রমাণ করে যে, এটি মহান আল্লাহর রচনা। কুরআনের অনন্য সম্পর্কে আলোচনা করা আমার যোগ্যতা বহির্ভূত। আমি কেবল কিছু তথ্য যোগাড় করেছি যতটুকু মহান আল্লাহ আমাকে তওফীক দিয়েছেন। আমি কামনা করি, এ থেকে মহান আল্লাহ আমাকে এবং সকল পাঠককে ফায়দা দিবেন। আমি সাক্ষ্য দিচ্ছি যে কুরআন মজীদ আল্লাহর বাণী।

[মুসলিম ডাইজেস্ট সেপ্টেম্বর, নভেম্বর, ডিসেম্বর-২০১০]

বিবর্তনবাদের বৈজ্ঞানিক ভিত্তি আছে কি?

বিবর্তনবাদ একটি মতবাদ যাতে মনে করা হয় যে জড় পদার্থ থেকে প্রথমে এককোষী জীব উৎপন্ন হয় এবং তা থেকে বিভিন্ন পরিবর্তনের মাধ্যমে উন্নততর জীবের উদ্ভব হয়। বিবর্তনবাদকে একটি বৈজ্ঞানিক মতবাদ হিসাবে প্রচার করা হয়ে থাকে। প্রকৃতপক্ষে বৈজ্ঞানিক কর্মপদ্ধতির মাধ্যমে বিবর্তনকে উপস্থাপন বা প্রমাণিত করা হয় নি।

জিওকেমিস্ট Jeffrey Bada বলেন, "Today as we leave the twentieth century, we still face the biggest unsolved problem that we had when we entered the twentieth century: How did life originate on earth?" -Earth Magazine, 1998

অর্থাৎ "বিংশ শতাব্দীতে প্রবেশের সময় সবচেয়ে বড় যে প্রশ্নটি আমাদের ছিল- 'কিভাবে পৃথিবীতে জীবনের আবির্ভাব হয়েছিল?'- আজ যখন আমরা বিংশ শতাব্দীকে বিদায় জানাচ্ছি তখনও সেই একই অমীমাংসিত প্রশ্নটির মুখোমুখি হতে হচ্ছে।"

বিবর্তনবাদের প্রধান প্রস্তাবক চার্লস ডারউইন। তিনি জীববিজ্ঞানের ওপর আগ্রহ সহকারে পড়াশুনা করতেন। তবে কোন প্রতিষ্ঠান থেকে শিক্ষা গ্রহণ করেন নি। ১৮৩২ সালে তিনি HMS Beagle নামক জাহাজে ইংল্যান্ড থেকে রওনা হন এবং পাঁচ বছর যাবৎ পৃথিবীর বিভিন্ন এলাকা সফর করেন। এ সফরকালে বিভিন্ন প্রজাতির প্রাণী তার চিন্তা ভাবনায় গভীর ছাপ ফেলে। বিশেষ করে ইকুয়েডরের গ্যালাপাগোস দ্বীপপুঞ্জের কিছু ফ্লিঞ্চ পাখি তাঁকে বিস্মিত করে। তিনি ধারণা করেন যে, আবাসস্থলের সাথে অভিযোজন করতে গিয়েই এদের বিভিন্ন প্রজাতির ঠোঁটের আকৃতি বিভিন্ন রকম হয়েছে। এই আন্দাজ থেকেই ডারউইন তাঁর বিবর্তনবাদ উপস্থাপন করেন, যার সারকথা হল প্রতিটি প্রজাতি আলাদাভাবে সৃষ্টি হয়নি বরং একটি সাধারণ পূর্বপুরুষ থেকে উৎপত্তি হয়েছে এবং প্রাকৃতিক শক্তির প্রভাবে প্রজাতিগুলো নতুন নতুন বৈশিষ্ট্য অর্জন করেছে। ডারউইন ১৮৫৯ সালে তাঁর The Origin of Species, By Means of Natural Selection নামক গ্রন্থে এসব মতামত প্রকাশ করেন।

আমাদেরকে মনে রাখতে হবে, সেই সময় জীবের গঠনগত জটিলতা মানুষের জানা ছিল না। সেকালের মানুষ মনে করত, জড়বস্তু থেকে জীবের উৎপত্তি হয়। যেমন- খাদ্যবস্তু ফেলে রাখলে পঁচে খাদ্যদ্রব্য থেকে পোকামাকড় তৈরি হয় বলে তারা মনে করত। নর্দমার ময়লা থেকে মশা মাছির জন্ম বলে তারা মনে করত।

ডারউইনের আগে ল্যামার্ক নামে একজন ফ্রেঞ্চ জীববিজ্ঞানী বলেছিলেন যে, কোন জীব তার জীবদ্দশায় যেসব দক্ষতা অর্জন করে তার পরবর্তী প্রজন্ম উত্তরাধিকার সূত্রে তা লাভ করে। আর ক্রমাগত এই প্রক্রিয়া চলতে থাকলে বিবর্তন ঘটে। উদাহরণ স্বরূপ জিরাফের গলা নাকি আগে লম্বা ছিল না। কিন্তু বেশি উচ্চতা থেকে খাদ্য সংগ্রহ করতে করতে তাদের গলা লম্বা হয়ে গেছে। ল্যামার্কের এই তত্ত্ব সঠিক নয়। (বিস্ড়রিত আলোচনা সামনে আসছে)

ডারউইন দাবি করেছিলেন, তাঁর মতবাদ ল্যামার্কের মতবাদ থেকে ভিন্ন। তিনি জোর দিয়েছিলেন প্রাকৃতির শক্তির প্রভাবের উপরে। তবুও ডারউইন ল্যামার্কের মতবাদ দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন এ ব্যাপারে কোন সন্দেহ নেই। প্রজাতিগুলোর ক্রমাগত উন্নয়ন প্রমাণের জন্য যথেষ্ট যুক্তি না থাকার কথা ডারউইন নিজেই স্বীকার করেছিলেন। তিনি তাঁর গ্রন্থের "Difficulties of the Theory" অধ্যায়ে এ বিষয় স্বীকার করেছেন। এইসব সমস্যার মধ্যে ছিল ফসিল রেকর্ডে সংযোগস্থাপনকারী প্রজাতির ফসিলের অনুপস্থিতি,অনুন্নত জীবের কিছু জটিল অঙ্গ-প্রত্যঙ্গের উদ্ভব (যেমন চোখ)- যা কেবল আকস্মিক সংঘটের মাধ্যমে ব্যাখ্যা করা যায় না। তিনি আশা করেছিলেন যে, নতুন নতুন আবিষ্কার তাঁর মতবাদের সমস্যাগুলো দূর করবে।

ডারউইন বলেন, "If my theory is true, numberless intermediate varieties, linking most closely all of the species of the same group together must assuredly have existed ..... consequently evidence of their former existence could be found only amongst fossil remains".

ডারউইন যা আশা করেছিলেন তা হয়নি। তথাকথিত মধ্যবর্তী প্রজাতির কোন অস্ড়িত্ব আবিষ্কৃত হয়নি। ডারউইনের The Origin of Species গ্রন্থটি পাঁচ বছর পর বিজ্ঞানী লুই পাস্তুর ল্যাবরেটরীতে পরীক্ষার দ্বারা দেখান যে, জড় বস্তু থেকে জীবের উদ্ভব হতে পারে না। একটি কোষ এতই জটিল যে, জড়বস্তু থেকে এর উৎপত্তি অসম্ভব।

ইংরেজ গণিতবিদ ও মহাকাশবিজ্ঞানী ফ্রেড হয়েল নিজে একজন বিবর্তনবাদী হওয়া সত্বেও বলেছেন, "The odds that higher life forms might have emerged in this way (through evolution) is comparable to the odds of a tornado sweeping through a junk-yard assembling a Boeing 747 from the materials in it." (Nature magazine, November 12, 1981)

"এই পদ্ধতিতে (বিবর্তনের মাধ্যমে) উন্নত শ্রেণীর উদ্ভব হওয়ার সম্ভাবনাকে তুলনা করা যায় বিমান নির্মাণ কারখানার উপর দিয়ে বয়ে যাওয়া টর্নেডোর দ্বারা একটা বোয়িং ৭৪৭ বিমান নির্মাণের সম্ভাবনা সাথে।"

জীন ও জীনের গাঠনিক একক ডি. এন. এ আবিষ্কারের পর বিবর্তন মতবাদ গভীরতর সংকটে নিপতিত হয়। গর" যদি তার গলা জিরাফের মত লম্বা করার জন্য কোটি কোটি বছর কসরত করে, তবু তার গলা লম্বা হবে না। এটা করতে হলে গর"র প্রতিটি কোষের জীনের মধ্যে পরিবর্তন আনতে হবে। শারীরিক কসরতের দ্বারা জীনের বৈশিষ্ট্যে পরিবর্তন ঘটে না। ফসিল রেকর্ড বিবর্তনবাদকে সমর্থন করে না।

ব্রিটিশ ফসিলবিশেষজ্ঞ Derek Ager বলেন- "If we examine the fossil record in detail, whether at the level of orders or of species, we find over and over agian-not gradual evolution but the sudden explosion of one group at the expense of another." (The Nature of Fossil Records, Proceedings of the British Geological Association, 1976, vol; 87, P-133)

বিবর্তন মতবাদের ত্র"টিসমূহ সংক্ষেপে আলোচনা করার পর এবার আমরা কোষ এবং ডি. এন. এ সংশে□ষণের সম্ভাব্যতা, ফসিল রেকর্ড এবং মানুষের বিবর্তন সম্পর্কে বিবর্তনবাদীদের বিস্ড়রিত আলোচনা কর।

বিবর্তনবাদীদের অন্যতম শীর্ষ ব্যক্তিত্ব আলেকজান্ডার ওপারিন স্বীকার করেছেন, "Unfortunately, the origin of the cell remains a question which is actually the darkest point of the complete evolution theory." (Alexander Oparin, Origin of Life, Dover Publications, New York, 1936, P-196)

পৃথিবীর আদিম অবস্থা ছিল সবচেয়ে বিশৃঙ্খল। সেই পরিবেশে একটা জীবকোষ তো দূরের কথা, কোষ গঠনকারী প্রোটিন এবং নিউক্লেইক এসিড সংশে□ষণ হওয়া অসম্ভব।

Prof. Leslie Orgel বলেন- "It is extremely improbable that proteins and nucleic acids, both of which are structurally complex, arose spontaneously in the same place at the same time, yet it also seems impossible to have one without the other. And so at first glance, one might conclude that life could never, in fact, have originated by chemical means." (Scientific American, September, 1994)

একটি জীবকোষে ক্রোমোজোম, নিউক্লিওলাস, মাইটোকনড্রিয়া প্রভৃতি অঙ্গাণু একটি কোষ আবরণী দ্বারা আবৃত থাকে। সরলতম কোষে অনেকগুলো অঙ্গাণু না থাকলেও ডি. এন. এ এবং কোষ আবরণী থাকে। মানুষের একটি ডি. এন. এ তে যে পরিমাণ তথ্য থাকে তা লিখতে চারলাখ পঞ্চাশ হাজার পৃষ্ঠার বই রচনা করতে হবে, যে বইয়ের প্রতিটি পৃষ্ঠার আকৃতি বিশ্বকোষের একটি পৃষ্ঠার অনুরূপ হবে।

কোষের জটিলতা সম্পর্কে ধারণা লাভের জন্য এর মেমব্রেনগুলোর গঠন ও কার্যপ্রণালী পরীক্ষা করে দেখাই যথেষ্ট। কোষের মেমব্রেন কোষটিকে সুচার□রূপে আবৃত করে রাখে। তবে এর কাজ শুধু এটুকুই নয়। এটি পার্শ্ববর্তী কোষের সাথে যোগাযোগ ও সম্পর্ক নিয়ন্ত্রণ করে। কোষের মধ্যে বস্তুর প্রবেশ এবং কোষ থেকে বস্তুর বহির্গমনকে দক্ষতার সাথে নিয়ন্ত্রণ করে। মেমব্রেন এতই পাতলা যে এর পুর□ত্ব এক মিলিমিটারের এক লাখ ভাগের এক ভাগ। কেবল ইলেক্ট্রন মাইক্রোস্কোপের নিচেই এটা সনাক্ত করা সম্ভব।

কোষ মেমব্রেন কেবল ঐসব বস্তুকে প্রবেশ করতে দেয়, যেগুলো কোষের জীবিত থাকার জন্য জর□রি। কোষের বাইরে অগণিত রাসায়নিক

পদার্থ থাকে। প্রকৃতপক্ষে তারা প্রত্যেকে আল□াহর হুকুম তামিল করে যিনি তাদেরকে নিখুঁতভাবে সৃষ্টি ও পরিচালনা করেন।

যেমন মহান আল□াহ বলেন-

□□ □□□□□ □□□□ □□□□ □□□□ □□□□ □□□ □□□ □□□□ □□□ □□□ □□□ □□□}

{□□□ □□□ □□□ □□□ □□ □□□ □□□ □□□ □□□ □□ □□□ □□□

"আল□াহ সাত মহাকাশ এবং সমসংখ্যক পৃথিবী সৃষ্টি করেছেন, এসবের মধ্যে তাঁর আদেশ নাযিল হয় যাতে তোমরা জানতে পার যে আল□াহ সবকিছুর উপর ক্ষমতাবান এবং তাঁর জ্ঞান সবকিছুকে ঘিরে রেখেছে।" (সূরা আত-তালাকঃ ১২)

যুক্তরাষ্ট্রের Lehigh University এর বায়োকেমিস্ট Michael J. Behe বলেন ঃ "To Darwin, the cell was a 'black box'- its inner workings were utterly mysterious to him. Now, the black box has been opened up and we know how it works. Applying Darwin's test to the ultra-complex world of molecular machinery and cellular systems that have been discovered over the past 40 years, we can say that Darwin's theory has absolutely broken down." (Darwin's Black Box: The Biochemical Challenge to Evolution, 1996)

কোন প্রাণীর দৈহিক বৈশিষ্ট্যের সকল তথ্য জমা থাকে জীনে। জেনেটিক পরিবর্তন ছাড়া জীবের বৈশিষ্ট্যের পরিবর্তন অসম্ভব। ডারউইনের প্রস্ড়াব ছিল প্রাকৃতিক শক্তির চাপে পড়ে প্রাণীদের বৈশিষ্ট্য পরিবর্তিত হয়। কিন্তু প্রকৃতপক্ষে তা হয় না। উদাহরণ স্বরূপ একদল হরিণের মধ্যে কোন বাঘ হামলা করলে যে হরিণ অন্যদের চেয়ে বেশি জোড়ে দৌড়াতে পারবে সে বেঁচে যাবে এটা ঠিক। কিন্তু ঐ হরিণটি অন্য প্রজাতিতে রূপান্ড়রিত হতে পারে না। সেটা হতে হলে হরিণের কোষগুলোতে জীনগত পরিবর্তন ঘটতে হবে।

ডারউইনের পরে কিছু বিবর্তনবাদী বিজ্ঞানী প্রস্ড়াব রাখেন যে, বাহ্যিক শক্তির আঘাতে ডি. এন. এ-এর গঠন হঠাৎ পরিবর্তিত হয়ে যায়

এবং এর ফলে নতুন প্রজাতির সৃষ্টি হয়। এই ঘটনাকে বলা হয় মিউটেশন (Mutation)। যারা মনে করেন যে, মিউটেশনের মাধ্যমে প্রাণীর পরিবর্তন ঘটেছে তারা নব্য ডারউইনবাদী নামে পরিচিত। এই তত্ত্ব প্রদানের পর তা প্রমাণের জন্য মিউটেশন নিয়ে অনেক পরীক্ষা নিরীক্ষা হয়েছে। সবগুলো পরীক্ষায় দেখা গেছে, মিউটেশনের ফলে প্রজাতির কোন উন্নয়ন হয় না।

Morgan, Goldschmidt, Muller এবং অন্য কয়েকজন জীন গবেষক ড্রসোফিলা (drosophila) মাছির কয়েকটি প্রজন্মকে তীব্র তাপ, শৈত্য, আলোক এবং অন্ধকারে রেখেছেন এবং বিভিন্ন রাসায়নিক পদার্থ প্রয়োগ করেছেন। তারা দেখেছেন যে সবগুলো ক্ষেত্রেই মিউটেশনের পর প্রাণীগুলোর অঙ্গ প্রত্যঙ্গ বিকৃত হয়ে গেছে। তারা অনুর্বর হয়েছে, মারা গেছে। প্রাণীগুলোর সবসময় প্রবণতা ছিল আগের রূপে ফিরে যাওয়া। মানুষের দ্বারা নিয়ন্ত্রিত মিউটেশনে যদি প্রাণীর উন্নতি সম্ভব না হয় তাহলে প্রকৃতিতে হঠাৎ কোন দূর্ঘটনার ফলে প্রাণীর মিউটেশন থেকে উন্নততর জীবের উদ্ভব হবে এরকম ধারণা নির্বুদ্ধিতার নামান্ড়র।

ফসিল রেকর্ড বিবর্তনকে সমর্থন করে না ফসিল বিশেষজ্ঞ Mark Czarnecki বলেন- "A major problem in proving the theory has been the foss record; the imprints of vanished species in the earth's geological formation. This record has never revealed traces of Darwins hypothetical intermediate variants- instead species appear and disappear abruptly and this anomaly has fueled the creationist argument that cach species was created by God." (The Revival of the creationist crusade, Maclean's January 19, 1981, P-56)

"মতবাদটি প্রমাণের একটি বড় মুশকিল ফসিল রেকর্ড অর্থাৎ পৃথিবীর ভূ-তাত্ত্বিক স্ড়রগুলোতে বিলুপ্ত প্রাণীগুলোর ফেলে যাওয়া চিহ্ন বা দেহাবশেষগুলি। বিভিন্ন প্রজাতির মধ্যে সংযোগস্থাপনকারী অসংখ্য প্রজাতি থাকার যে সম্ভাবনার কথা ডারউইন বলেছিলেন তার কোন ছিটেফোটাও ফসিল রেকর্ডে পাওয়া যায়নি। বরং এক একটি প্রজাতি হঠাৎ পৃথিবীতে আবির্ভূত হয়েছে এবং হঠাৎ বিলুপ্ত হয়ে গেছে। এই অস্বাভাবিক ঘটনা সৃষ্টিতত্ত্ব বিশ্বাসীদের যুক্তিকে মজবুত করেছে যে প্রত্যেক প্রজাতি সৃষ্টিকর্তা কর্তৃক সৃষ্ট হয়েছে।"

এক সময়ে সিলাকান্থ নামক একটি প্রাণীকে মাছ ও উভয়চরদের মধ্যবর্তী একটি প্রজাতি বলে বলা হত। আর্কিপটেরিক্স নামক একটি

প্রাণীকে উভচর এবং পাখিদের মধ্যবর্তী একটি প্রজাতি বলে প্রচার করা হত। কিন্তু এসব দাবী ভ্রান্ড় বলে প্রমাণিত হয়েছে। পৃথিবীর বিভিন্ন জায়গায় ৪১ কোটি বছর আগের সিলাকান্থের ফসিল পাওয়া গিয়েছিল। ১৯৩৮ সালে ভারত মহাসাগরে একটি জীবন্ড় সিলাকান্থ ধরা পড়ে। দেখা গেল সিলাকান্থ আসলে একটি পূর্ণাঙ্গ মাছ। এই ঘটনায় বিবর্তনবাদীরা ভীষণ ধাক্কা খায়। বিবর্তনবাদী L.B.Smith বলেছিলেন, "একটা জীবন্ড় ডাইনোসর হাজির হলেও তিনি এতটা তাজ্জব হবেন না।" (The Hamlyn Encyclopaedia of Prehistoric Animal, New York, 1984, P-120)

পরবর্তীতে বিভিন্ন সাগরে আরো দুইশত সিলাকান্থ মাছ ধরা পড়েছে।

আর্কিপটেরিক্সের প্রথম যে ছয়টি ফসিল পাওয়া যায় সেগুলোতে স্টার্নাম হাড়ের কোন চিহ্ন ছিল না। এ কারণে মনে করা হত এরা পাখির মত দেখালেও উড়তে পারত না। কিন্তু ১৯৯২ সালে আর্কিপটেরিক্সের সপ্তম ফসিলটি পাওয়া যায় যাতে দেখা যায় যে, আর্কিপটেরিক্সের স্টার্নাম ছিল। অর্থাৎ আর্কিপটেরিক্স ছিল একটি পূর্ণাঙ্গ পাখি- পাখি ও উভচরের মধ্যবর্তী কোন জন্তু নয়।

বিজ্ঞান পত্রিকা The Nature এর বর্ণনায়, "The recently discovered seventh specimen of the Arechaepteryx preseves a partical rectangular sturnum suspected but never previosusly documented. This attests to it's strong flight muscles." (The Nature, Vol. 382, Aughst 1. 1996. P-401)

সম্প্রতি আবিষ্কৃত আর্কিপটেরিক্সের সপ্তম ফসিলটিতে স্টার্নাম পাওয়া গেছে যার সম্ভাব্যতা আশা করা হয়েছিল কিন্তু আগের ফসিলগুলোতে পাওয়া যায়নি। এই ফসিলটি প্রমাণ করে যে আর্কিপটেরিক্সের ওড়ার জন্য যথেষ্ট শক্তিশালী পেশী ছিল।

ক্যাম্ব্রিয়ান পিরিয়ডের অর্থাৎ প্রায় ৫৫ কোটি বছর আগের দশটিরও বেশি আলাদা প্রজাতির ফসিল পাওয়া গেছে যাদের সাথে সাদৃশ্যপূর্ণ কোন প্রজাতিই তাদের আগে ছিল না। এই প্রাণীগুলো হল শামুক, কেঁচো, স্পঞ্জ, জেলিফিশ, সাগর-সজার, ট্রাইলোবাইট ইত্যাদি। ভূতাত্ত্বিক সাহিত্যে এই আকস্মিক আবির্ভাবকে 'ক্যাম্ব্রিয়ান এক্সপে□াশন' বলা হয়ে থাকে। ঐ প্রাণীগুলোর জটিল সব অঙ্গপ্রত্যঙ্গ ছিল যা তাদের বর্ত্তমান উত্তরসূরীদের

থেকে মোটেও ভিন্ন নয়। ট্রাইলোবাইটের চোখ লক্ষ লক্ষ ছোট ছোট কণার সমন্বয়ে গঠিত। কণাগুলো মৌচাকের আকৃতিতে সজ্জিত।

হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের প্রফেসর David Raup বলেন, "The trilobites used an optical design which would require a well trained and imaginative optical engineer to develop today." (Conflicts between Darwin and paleontology, David Raup, Bulletin of Field Museum of Natural History, January 1979, P- 24)

"ট্রাইলোবাইটরা যে ধরনের আলোকযন্ত্র ব্যবহার করত আজকের দিনে প্রস্তুত করতে উত্তম প্রশিক্ষণপ্রাপ্ত এবং কল্পনাশক্তির অধিকারী আলোক-প্রকৌশলীর দরকার হবে।"

অক্সফোর্ডের প্রাণিবিজ্ঞানী Richard Dawkins বলেন, "The Cambrian strata of rocks, vintage about six hundred million years, are the oldest ones in which we find most of the major invertebrate group. And we find many of them already in an advanced state of evolution, the very first time they appear. It is though they were just planted there, without any evolutionary history. Needless to say, this appearance of sudden planting has delighted creationists". (Richard Dawkins, The Blind Watchmaker, London, 1986, P-229)

"প্রায় ৬০ কোটি বছর আগের ক্যাম্ব্রিয়ান শিলাস্ড়রে আমরা প্রধান অমের"দ"ী প্রাণীগুলোকে প্রথম দেখতে পাই। আর আমরা দেখতে পাই যে বিবর্তনের জন্য যে সময় দরকার তার অনেক আগেই তারা উপস্থিত। তাদের প্রথম উপস্থিতিতেই ওটা দেখা যায়। ঘটনাটা যেন এমন যে তাদের কোন বিবর্তনের ইতিহাস নেই, বরং তাদেরকে কেউ রোপন করে রেখে গেছে। বলাই বাহুল্য যে এরকম হঠাৎ রোপনের ঘটনা সৃষ্টিতত্ত্বে বিশ্বাসীদেরকে আনন্দিত করেছে।"

এমন অসংখ্য প্রাণী আছে যারা কোটি কোটি বছর আগে ছিল, এখনও আছে। আর এদের কোন পরিবর্তনও ঘটেনি। চার কোটি বছর আগের ফড়িং, পাঁচ কোটি বছর আগের পিঁপড়া, দশ কোটি বছর আগের সামুদ্রিক কচ্ছপ, বত্রিশ কোটি বছর আগের তেলাপোকা এবং চলি□শ কোটি বছর

আগের হাঙ্গরের ফসিল পাওয়া গেছে। এরা এদের বর্তমান উত্তরসূরীদের থেকে আলাদা কিছু ছিল না।

বিবর্তনবাদীরা বলে থাকেন যে মানুষের উৎপত্তি হয়েছে এপ (ape বানর জাতীয় জন্তু) থেকে। এপরা সোজা হয়ে দাঁড়াতে পারে না, চলাচলের জন্য তাদেরকে চারটি পা ব্যবহার করতে হয়। মানুষের বুদ্ধির সাথে এপদের বুদ্ধির কোন তুলনাই করা যায় না। বিবর্তনবাদীদের মতে বিবর্তনের ধারাটি হচ্ছে ঃ এপ>অস্ট্রালোপিথেকাস> হোমোহাবিলিস> হোমো ইরেক্টাস> নিয়ানডারথাল মানুষ> ক্রো- ম্যাগনন মানুষ> আধুনিক মানুষ।

আফ্রিকার দক্ষিণাঞ্চলে প্রাপ্ত কিছু ফসিলকে অস্ট্রালোপিথেকাসের ফসিল বলে দাবি করা হত। বলা হত যে এপদের চেয়ে অস্ট্রালোপিথেকাসরা উন্নততর ছিল। তারা ছিল প্রথম প্রাণী যারা চার পায়ের বদলে দুই পায়ে চলত। তবে অস্ট্রালোপিথেকাসরা সোজা হয়ে দাঁড়াতে পারত না।

বিবর্তনবাদীদের এসব দাবী মিথ্যা প্রামাণিত হয়েছে। ব্রিটিশ ফসিল বিশেষজ্ঞ Robin Crompton হাঁটাহাঁটি নিয়ে দীর্ঘদিন গবেষণার পর সিদ্ধান্ড়ে পৌঁছেন যে, এ ধরণের চলাফেরা বাস্ড়বসম্মত নয়। কোন প্রাণী হয় সোজা হয়ে দুই পায়ে হাঁটবে অথবা চার পায়ে হাঁটবে। সোজা হয়ে দাঁড়াতে পারে না যে প্রাণী সে চলার জন্য চার পা ব্যবহার করবে। কারণ দুই পায়ে সামনে ঝুঁকে হাঁটলে প্রচুর শক্তি খরচ হয়। প্রাণিবিজ্ঞানের ছাত্ররা জানে যে, কোন প্রাণী তার অবস্থান নির্ণয় এবং ভারসাম্য রক্ষা করে কানের মাধ্যমে। কানের ভেতরে এক ধরনের পদার্থ থাকে যার কারণে আমরা চোখ বন্ধ করেও বুঝতে পারি আমরা দাঁড়িয়ে আছি, নাকি শুয়ে আছি, নাকি পা দুটি তমালের ডালে বেঁধে শরীরটাকে ঝুলিয়ে রাখা আছে।

লিভারপুল বিশ্ববিদ্যালয়ের Human Anatomy and Cellular Biology বিভাগের গবেষক Fred Spoor ১৯৯৪ সালে জানান যে, দুই পায়ে হাঁটতে হলে কানের ককলিয়া (cochlea) এর গঠন যেমন হওয়া দরকার, অস্ট্রালোপিথেকাসদের ককলিয়া তেমনটি ছিল না। ফলে এটা এখন স্বীকৃত যে অস্ট্রালোপিথেকাসরা চার পায়েই হাঁটত।

হোমো হাবিলিস, হোমো ইরেক্টাস প্রভৃতি একই সময়ে পৃথিবরি বিভিন্ন জাযগায় বাস করত। এদের একটি অন্যটির পূর্বপুরুষ নয়। এরা মানুষেরই বিলুপ্ত জাতি বা উপজাতি। আধুনিক মানুষের সকল বৈশিষ্ট্যই এদের মধ্যে ছিল। বিবর্তনবাদী নৃবিজ্ঞানী Arthur Keith প্রাচীন এই তথাকথিত প্রজাতিগুলো নিয়ে তাঁর গবেষণার ফলাফল ১৯১১ সালে Ancient Types of Man নামক একটি গ্রন্থে উপস্থাপন করেছেন। এই গ্রন্থে তিনি বলেন যে, মানুষের বিলুপ্ত রূপভেদগুলি যত প্রাচীন, আধুনিক মানুষও ততটাই প্রাচীন। এরা একই সময় থেকে পৃথিবীতে আছে।

The New Scientist পত্রিকার ১৯৯৮ সংখ্যায় একটি খবর প্রকাশিত হয় ঃ "Early humans were much smarter than we suspected. Our ancestors made organised sea journeys more than seven hundred thousand years earliar than previously thought and they probably used language to co-ordinate their efforts. This surprising new theory comes from paleontologist Mike Morwood and his colleagues at the University of New England in Northern New South Wales."

এই প্রাচীন সমুদ্র যাত্রীরাই হোমো ইরেক্টাস নামে অভিহিত। ২৬ হাজার বছর আগের ফসিলে সূচ পাওয়া গেছে যা প্রমাণ করে যে, নিয়ানডারথাল মানুষরা পোশাক তৈরি করত। তারা মৃতদেরকে কবর দিত। নিয়ানডারথালরা মানুষেরই একটি ধ্বংসপ্রাপ্ত গোত্র।

১৩ সেপ্টেম্বর ২০০৬ তারিখে প্রকাশিত খবরে বলা হয়, "Clive Finlayson at the Gibraltar Museum, and collegues, recovered 240 stone tools and artefacts from sediments dated to the upper paleolithic periodbetween ten thousand and thirty thousand years ago. Mass spectrometry dating puts them between twenty-eight thousand and twenty four thousand years old. (New Scientist, 13 Sept. 2006)

যুক্তরাষ্ট্রের বিজ্ঞানী Erik Trinkausবলেন, Nianderthal anatomy conclusively inicates locomotor, manipulative, intellectual or linga abilities inferior to those of modarn humans. (Hard Time among the Neanderthals, Natural History, December 1978, Page 10)

"নিয়ানডারথালদের দেহগঠনে এমন কিছুই নেই যা নিশ্চিতভাবে নির্দেশ করতে পারে যে, আধুনিক মানুষের চেয়ে তাদের চলাফেরা, কাজকর্ম, বুদ্ধিবৃত্তিক ও ভাষাগত দক্ষতা কম ছিল।"

আধুনিক মানুষ ও তথাকথিত হোমো ইরেক্টাসদের মধ্যকার পার্থক্য সম্পর্কে ফসিল বিশেষজ্ঞ Richard Leaky বলেন- These differences are probably no more pronounced than we see today between the separate geographical races of modern humps. (Making of Mankind, 1981, P-62)

"এইসব পার্থক্য সম্ভবত বেশি নয় ঐসব পার্থক্যের চেয়ে যা আমরা আজকের দিনে আধুনিক মানুষের পৃথক ভৌগলিক বর্ণগোত্রগুলোর মধ্যে দেখি।"

দুঃখের বিষয় হল, প্রাচীনকালের মানুষের মাথার খুলি পাওয়ার পর তাদের যেসব চেহারা বিবর্তনবাদীরা এঁকেছে, সেগুলোতে তাদেরকে বানরের চেহারা দিয়েছে।

একই খুলির ভিত্তিতে ৪ এপ্রিল, ১৯৬৪ তারিখের Sunday Times সেপ্টেম্বর, ১৯৬০ এর National Geographic পত্রিকা দুটি ছবি প্রকাশ করে। খুলি একই হলেও দুটি পত্রিকায় প্রদত্ত অঙ্কিত ছবি দুটির মধ্যে কোন মিল নেই। একটি ছবিতে প্রাণীটিকে বানরের কাছাকাছি দেখা যাচ্ছে। অন্য ছবিতে তা মানুষের কাছাকাছি দেখা যাচ্ছে।

হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের Earnst Hooten বলেন, "To attempt ot restore the soft parts is even more hazardous undertaking. The lips, the eyes, the ears & the nasal tip leave no clues as to the underlying bony parts. You can with equal facility model on a Neanderthal skull the features of a chimpanzee of the lineaments of a philosopher. These restoration of ancient types of man have very little, if any, scientific value and are likely only to mislead the public ..... So put not your trust in reconstructions." (Up from the Ape, New Yourk, 1931, P-332)

দেহের মোলায়েম অংশকে মূলের আদলে ফিরিয়ে আনার চেষ্টা আরো বড় ঝুঁকিদার কাজ। ঠোঁটে, চোখ, কান এবং নাকের ডগা তাদের নিচে অবস্থিত হাড়ের সম্পর্কে কোন যোগসূত্র রেখে যায় না। একটি নিয়ানডারথাল খুলির উপর আপনি সমান সহজসাধ্যতায় একটি শিম্পাঞ্জীর মুখের আদল বানাতে পারেন, আবার একজন দার্শনিকের বৈশিষ্টসূচক মুখাবয়ব ও বানাতে পারেন। আদিম মানুষের খুলি থেকে চেহারা ফিরিয়ে আনার এই কাজের যদি বৈজ্ঞানিক কোন মূল্য থেকে থাকে তবু তা সামান্যই আর এসব কাজ কেবল মানুষকে ভুল ধারণা দিতে পারে। ..... সুতরাং পুনগঠিত ছবি বা মূর্তির উপর বিশ্বাস স্থাপন করবেন না।"

১৯২২ সালে American Museum of Natural History এর ম্যানেজার H. F. Osborn ঘোষণা করেন যে, তিনি নেব্রাস্কায় একটি দাঁতের ফসিল পেয়েছেন যার মধ্যে মানুষ ও এপ উভয়ের দাঁতের কিছু কিছু মিল আছে। এই একটি দাঁতের উপর ভিত্তি করে London News পত্রিকার ২৪ জুলাই ১৯২২ সংখ্যায় একরকম বান-মানুষের ছবি ছাপা হয়। এর নাম দেওয়া হয়েছিল নেব্রাস্কা ম্যান। ১৯২৭ সালে এই কঙ্কালের অন্য অংশগুলোর ফসিলও পাওয়া গেল। তখন দেখা গেল যে, এই দাঁতটি কোন বানরের নয়, মানুষের নয়, দাঁতটি একটি বিলুপ্ত খিনজিরের।

বিজ্ঞান সাময়িকী Nature এর সিনিয়র এডিটর Henry বলেন- "The very idea of the missing link, always shaky, is now completely untenable.". (The Guardian, 11 July, 2002)

অর্থাৎ "হারানো সূত্রের ধারণাটা সবসময়ই নড়বড়ে ছিল এখন দেখা যাচ্ছে সমর্থনের পুরোপুরি অযোগ্য।"

যুক্তরাষ্ট্রের জীববিজ্ঞানী Jonathan Wells বলেন- "The general public is rarely informed of the deep-seated uncertainty about human origins that is reflected in these statements by scientific experts. Instead, we are simply fed the latest version of somebody's theory, without being told that paleonthropoligists themselves cannot agree over it. And typically, the theory is illustrated with fanciful drawings of cavemen or human actors wearing heavy makeup." (Icons of Evolution. Science or Myth. Washington D.C. 2000, P-225)

অর্থাৎ "বিজ্ঞান এক্সপার্টদের বক্তব্যে প্রতিফলিত মানুষের উৎপত্তিতত্ত্ব সম্পর্কিত দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত অনিশ্চয়তা সম্পর্কে সাধারণ লোকদেরকে খুব কম ক্ষেত্রে অবহিত করা হয়। বরং কোন এক ব্যক্তির তত্ত্বের সর্বশেষ ভাষ্য পরিবেশন করা হয় অথচ এটা বলা হয় না যে প্রাচীন মানব বিজ্ঞানীরা নিজেরাই এ বিষয়ে একমত হতে পারেন না। আর সাধারণত গুহাবাসী মানুষের কাল্পনিক ছবি অথবা হেভি মেকআপ নেয়া অভিনেতাদের অভিনয়ের মাধ্যমে তত্ত্বটি উপস্থাপন করা হয়ে থাকে।"

এতকিছুর পরেও বিবর্তনবাদীরা বিবর্তনবাদ ত্যাগ করতে নারাজ। এর কারণ কি? এর কারণ, তারা কোন অবস্থাতেই স্রষ্টাকে বিশ্বাস করবে না, স্রষ্টাকে বিশ্বাস না করাটাই তাদের বিশ্বাস ও ধর্ম। তাদের বিশ্বাসের সাথে যে মতবাদ সংগতিপূর্ণ কেবল তাই তাদের কাছে গ্রহণযোগ্য, সে মতবাদের কোন বৈজ্ঞানিক ভিত্তি না থাকলেও।

বিবর্তনবাদী নৃবিজ্ঞানী Arthur Keith স্বীকার করেছেন- "Evolution is unproved and unprovable. We believe it because the only alternative is special creation which is unthinkable." (Introduction to Origin of Species, 1959)

অর্থাৎ "বিবর্তন প্রমাণিত হয়নি, প্রমাণ করাও যাবে না। আমরা এটা বিশ্বাস করি কারণ এর একমাত্র বিপরীত মতবাদ সৃষ্টিকর্তা কর্তৃক সৃষ্টি মতবাদ যেটা আমরা ভাবতেই পারি না।"

বিবর্তনবাদ কোন বিজ্ঞানসম্মত মতবাদ নয়। এটি একটি কুসংস্কার। সত্য কথা হল বিশ্বজগতের সমস্ড় জড় ও জীবকে সৃষ্টি করেছেন সর্বশক্তিমান সৃষ্টিকর্তা আল□াহ। তাঁর কাছেই আমাদেরকে ফিরে যেতে হবে।

আদিম ও অন্তিম ধর্ম ইসলাম

কোন কোন বুদ্ধিজীবী ইসলাম ধর্মকে ‘মুহাম্মদ ρ কর্তৃক প্রবর্তিত ধর্ম’ হিসাবে বর্ণনা করে থাকেন যা সঠিক নয়। অনুরূপভাবে এমন বলা হয় যে, ইহুদী ধর্ম বা বৌদ্ধ ধর্ম ইসলাম ধর্মের চেয়ে পুরাতন ধর্ম। এই ধারণা বস্তুনিষ্ঠ নয়। ইহুদী ধর্ম বা বৌদ্ধ ধর্ম উদ্ভবের আগেই ইসলাম ছিল। পহেলা মানুষ আদম υ থেকে শেষ নবী মুহাম্মদ ρ পর্যন্ত সকল নবী এবং তাঁদের সত্যিকারের অনুসারীদের ধর্ম ইসলাম। ইসলামের শিক্ষা থেকে বিচ্যুত হয়েই মানুষ বিভিন্ন ধর্ম তৈরি করেছে।

সকল নবীর ঈমান ছিল এক ও অভিন্ন।

মহান আল্লাহ বলেন,

[illegible]}
[illegible]
{[illegible]

“হর উম্মতের মধ্যে নবী রাসূল পাঠিয়েছি এই নির্দেশ দিয়ে যে আল্লাহর ইবাদত কর এবং মিথ্যা উপাস্যসমূহকে বর্জন কর।

(সূরা আন-নাহল ১৬ ঃ ৩৬)

আল্লাহর ইবাদতের মাকসাদে আদম υ ই ধরণীতে পহেলা মসজিদ নির্মাণ করেছিলেন যা কা’বা শরীফ নামে পরিচিত। ইবরাহীম υ সেই মসজিদটিকেই পুনর্নির্মাণ করেছিলেন।পরবর্তীকালে মসজিদটিতে মূর্তিপূজা চালু হয়েছিল। আর আখেরী নবী মুহাম্মদ ρ মসজিদটিকে মূর্তিমুক্ত করেছেন।

সকল নবী তাওহীদের দাওয়াতে মশগুল থেকে তাঁদের হায়াত গুজরান করেছেন। আর তাঁরা নিজেদেরকে মুসলিম বলেই পরিচয় দিয়েছেন।

কুরআন পড়ে আমরা জানতে পারি, নূহ υ তাঁর কওমকে বলেছিলেন,

[illegible]}
{ [illegible]

“আমি আদিষ্ট হয়েছি যেন আমি মুসলিমদের মধ্যে শামিল থাকি।”

(সূরা ইউনুস ১০ ঃ ৭২)

নূহ υ আল্লাহর কাছে দোয়া করেছিলেন,

[illegible]}
{ [illegible]

“হে আমার পালনকর্তা! মাফ করুন আমাকে, আমার পিতামাতাকে আর যারা ঈমানদার অবস্থায় আমার ঘরে দাখিল হয় তাদেরকে এবং ঈমানদার পুরুষ ও ঈমানদার নারীগণকেও। আর যালিমদের জন্য ধ্বংস ছাড়া কিছুই বাড়ায়েন না। (সূরা নূহ ৭১ ঃ ২৮)

মহান আল্লাহ বলেন,

[illegible]}
{[illegible]

“ইবরাহীম ইহুদী ছিল না, নাসারাও ছিল না। লেকিন সে ছিল হানীফ (সত্যাশ্রয়ী) মুসলিম।” (সূরা আলে ইমরান ৩ ঃ ৬৭)

[illegible]}
[illegible] _ [illegible]
{ [illegible]

আর যখন ইবরাহীম ও ইসমাঈল (কা’বা) ঘরের ভিত্তি স্থাপন (পুনর্নির্মাণের) করার সময় দোয়া করেছিলেন ঃ “হে আমাদের পালনকর্তা! আমাদেরকে আপনার জন্য দু’জন মুসলিম করুন আর আমাদের বংশধর

থেকে আপনার জন্য মুসলিম উম্মত করুন। (সূরা বাক্বারাহ ২ ঃ ১২৭-১২৮)

{[illegible]}

“ তোমরা কি তখন সাক্ষী ছিলে যখন ইয়াকুবের কাছে মওত হাযির হয়েছিল? তখন তিনি তার পুত্রগণকে বলেছিলেন, আমার পরে তোমরা কিসের ইবাদত করবে? তারা বলেছিল, আমরা আপনার উপাস্যের, আপনার পূর্বপুরুষ ইবরাহীম, ইসমাইল ও ইসহাকের উপাস্যের ইবাদত করব। তিনিই একমাত্র উপাস্য, আমরা তার জন্য মুসলিম।”

(সূরা বাক্বারাহ ২ ঃ ১৩৩)

ইউসুফ υ দোয়া করেছিলেন ঃ

{[illegible]}

“হে আসমানসমূহ ও ধরণীয় পয়দাকারী। আপনিই দুনিয়া ও আখিরাতে আমার ওলী আমাকে মুসলিমরূপে পুরোপুরি পরিশুদ্ধ করে নিন এবং সৎকর্মশীলদের মধ্যে আমাকে শামিল করুন।”

(সূরা ইউসুফ ১২ ঃ ১০১)

{[illegible]}

মূসা তাঁর কওমকে বলেছিলঃ “হে আমার কওম! যদি তোমরা আল্লাহতে ঈমান রেখে থাক তবে তাঁরই উপর তাওয়াক্কুল করে যদি তোমরা মুসলিম হও।” (সূরা ইউনুস ১০ ঃ ৮৪)

সাদুমে লুত υ-এর পরিবারই ছিল একমাত্র মুসলিম পরিবার। মহান আল্লাহবলেন,

{[illegible]}

“যেখানে একটি পরিবার [লুত (আ:)-এর পরিবার] ছাড়া মুসলিমদের মধ্যে শামিল কাউকে পাইনি।” (সূরা আয-যারিয়াত ৫১ ঃ ৩৬)

ঈসা υ বলেছিলেন ঃ

{[illegible]}

“অবশ্যই আল্লাহ আমাদের পালনকর্তা, তোমাদেরও পালনকর্তা। অতএব তাঁরই ইবাদত কর।” (সূরা আলে-ইমরান ৩ ঃ ৫১)

মহান আল্লাহ বলেন ঃ

{[illegible]}

“যখন ঈসা তাদের কুফরি উপলব্ধি করল, সে বলল, “আল্লাহর পথে কারা আমার আনসার?” শিষ্যরা বলল, “আমরা আল্লাহর (পথে) আনসার। আমরা আল্লাহতে ঈমান রাখি এবং শাহাদত নিন যে আমরা মুসলিম।” (সূরা আলে-ইমরান ৩ ঃ ৫২)

মুহাম্মদ ρ পূর্ববর্তী নবীদের মত একই দাওয়াত নিয়ে দুনিয়াতে এসেছেন এবং নিজেকে মুসলিম বলে ঘোষণা করেছেন।

মহান আল্লাহ বলেন ঃ

{[illegible]}

“তুমি বল, আমি আদিষ্ট হয়েছি আল্লাহর ইবাদত করতে তাঁর জন্য ধর্মকে ইখলাসপূর্ণ রাখতে। আর আদিষ্ট হয়েছি যে আমি মুসলিমদের অগ্রণী হই।” (সূরা আয-যুমার ৩৯ ঃ ১১-১২)

নবীদের মধ্যে ঈমানগত কোন ফারাক ছিল না। কিন্তু ইবাদতের আনুষ্ঠানিকতা ও সামাজিক বাধা-নিষেধে কিছু এখতেলাফ ছিল। নবী মুহাম্মদ ρ-এর উম্মতের উপর পাঁচ ওয়াক্ত সালাত ফরয। পূর্ববর্তী কোন কোন উম্মতের উপর দুই ওয়াক্ত সালাত ফরয ছিল। আমাদের উপর সিয়াম ফরয পূরা রামাযান মাস। পূর্ববর্তী উম্মতসমূহের উপরেও সিয়াম

ফরয ছিল তবে ভিন্ন ভিন্ন সময়ে। আদম υ-এর সন্তানদের ক্ষেত্রে সহোদর ভাইবোনের মধ্যে নিকাহের নির্দেশ ছিল। কিন্তু পরবর্তী নবীদের উম্মতের জন্য সহোদর ভাইবোনের মধ্যে নিকাহ নিষিদ্ধ।

ইয়াকুব υ-এর পূর্ববর্তী নবীগণ উটের গোশত খেতেন। ইয়াকুব υ নিজে উটের গোশত খেতেন না। এ কারণে বনু ইসরাইল উটের গোশত খেত না। এ সম্পর্কে মহান আল্লাহ বলেন ঃ

[illegible] }

{ [illegible]

তাওরাত নাযিল হওয়ার আগে ইসরাইল (অর্থাৎ ইয়াকুব) নিজের জন্য যা হারাম করেছিল তা ব্যতীত বনু ইসরাঈলের জন্য সকল খাদ্য হালাল ছিল। তুমি বল, 'তাওরাত আন এবং তেলাওয়াত কর যদি তোমরা সত্যবাদী হও।' (সূরা আলে-ইমরান ৩ ঃ ৯৩)

[illegible] }

[illegible]

{ [illegible]

"যারা ইহুদী হয়েছিল তাদের জন্য নখরযুক্ত সকল পশু হারাম করেছিলাম এবং গরু ও ছাগলের চর্বিও তাদের জন্য হারাম করেছিলাম, তবে এগুলির পিঠের অথবা অস্ত্রের অথবা হাড়সংলগ্ন চর্বি ব্যতীত তাদের অবাধ্যতার দরুন তাদেরকে এই জাযা দিয়েছিলেন।"

(সূরা আনআম ৬ ঃ ১৪৬)

বনু ইসরাঈলের জন্য যেসব বস্তু হারাম ছিল সেগুলির মধ্যে কতকগুলিকে ঈসা υ-এর মাধ্যমে হালাল করা হয়।

ঈসা υ বলেনঃ

[illegible] }

{ [illegible]

'তোমাদের জন্য যা হারাম ছিল তার কতকগুলিকে হালাল করার জন্য [আমাকে পাঠানো হয়েছে]। (সূরা আলে-ইমরান ৩ ঃ ৫০)

মূসা υ-এর পূর্ববর্তী নবীদের সময়ে 'বিশ্রামবার' (Sabbath) পালনের নির্দেশ ছিল না। মূসা υ-এর সময়ে বনী ইসরাঈলকে বিশ্রামবার পালনের আদেশ দেয়া হয়।

সকল নবী ছিলেন মুসলিম। তাঁদের সত্যিকারের অনুসারীরাও ছিলেন মুসলিম। মূসা υ-এর সত্যিকারের অনুসারীরা ইহুদী নয় বরং যারা মূসা υএর শিক্ষাকে বিকৃত করেছিল তারাই ইহুদী। ঈসা υ-এর সত্যিকারের অনুসারীরা খ্রিস্টান নন, বরং যারা ঈসা υ-এর সত্যিকারের অনুসারীরা খ্রিস্টান নন, বরং যারা ঈসা υ-এর শেখানো তাওহীদ ভুলে ঈসা υকে উপাস্য সাব্যস্ত করেছে তারাই খ্রিস্টান।

{[illegible]}

সত্যই আল্লাহর কাছে মনোনীত ধর্ম ইসলাম। (সূরা আলে-ইমরান ৩ ঃ ১৯)

{[illegible]}

কেউ ইসলাম ছাড়া অন্য কোন ধর্মের অনুসরণ করলে কখনই তার কাছ থেকে তা কবুল করা হবে না এবং সে আখিরাতে খেসারতে পতিতদের মধ্যে শামিল হবে। (সূরা আলে-ইমরান ৩ ঃ ৮৫)

মানুষের মত জিন্নদের জন্যও মনোনীত ধর্ম ইসলাম।

জীন্নদের ভাষায় ঃ

{ [illegible]}

আমাদের মধ্যে কতক মুসলিম আর আমাদের মধ্যে কতক অবিচারকারী। (সূরা আল-জ্বীন ৭২ ঃ ১৪)

নবীরা একই উৎস থেকে ওহী লাভ করতেন এবং একই বার্তা মানুষকে পৌঁছে দিতেন। তবে শরীয়তে কিছু ভিন্নতা এসেছে। আর দতহযরত মুহাম্মদ ρ-এর শরীয়তের মাধ্যমে পূর্ববর্তী সকল নবীর শরীয়ত রদ হয়ে গেছে। কুরআন ও সুন্নাহর মাধ্যমে আমরা পেয়েছি সর্বশেষ শরীয়ত যা কিয়ামত পর্যন্ড় অপরিবর্তিত থাকবে।

[মুসলিম ডাইজেস্ট, জুন-২০১০]

শিরকের উৎপত্তি, বিস্ড়্রর ও শিরক থেকে মুক্তিলাভ

সের্ফ একজন ইলাহ বা উপাস্যে বিশ্বাস করার মতবাদকে বলা হয় তাওহীদ বা একত্ববাদ। এক উপাস্যের সাথে আরো উপাস্য সাব্যস্ড় করাকে বলা হয় শিরক বা অংশীবাদ বা বহু-ঈশ্বরবাদ। সত্য কথা হল, ইলাহ বা উপাস্য একজনই। একাধিক উপাস্য থাকলে আসমানসমূহ ও ধরণীতে কোন নিয়ম, ছন্দ বা সুব্যবস্থা রক্ষিত হত না।

কুরআনে আমরা পড়ি ঃ

{[illegible]}

"যদি (আসমানসমূহ ও ধরণী) এ উভয়ের মধ্যে আল□াহ ব্যতীত আরো উপাস্যসমূহ থাকত, তাহলে এ উভয়ের মধ্যে ফ্যাছাদ লেগে থাকত।" (সূরা আল-আম্বিয়া ২১ ঃ ২২)

[illegible]}

[illegible]

{[illegible]

"তিনি খুঁটি ছাড়া আসমানসমূহ নির্মাণ করেছেন। তোমরা তা দেখছ। তিনিই ধরনীতে পর্বতমালা স্থাপন করেছেন যাতে তোমাদেরকে নিয়ে ঢলে না পড়ে। আর তিনি এতে ছড়িয়ে দিয়েছেন হরেক জীবজন্তু। আর আমিই আসমান থেকে পানি নাযিল করি এরপর এতে উদগত করি সবরকম কল্যাণকর প্রজাতি। এটা আল□াহর তৈরী। এখন তোমরা আমাকে দেখাও তিনি ছাড়া অন্যরা কী পয়দা করেছে।" (সূরা লুক্বমান ৩১ ঃ ১০-১১)

কুরআনের ১১২ নং সূরার নাম সূরা তাওহীদ বা সূরা ইখলাস। সত্যিকারের উপাস্যের কি কি গুণ থাকতে হবে তা বলা হয়েছে এই সূরাতে।

[illegible]}

{ [illegible]

"বল ঃ তিনি আল্লাহ, একক সত্ত্বা। তিনি কারো পিতা হন না, কেউ তার পিতা হয় না। এবং তাঁর কুফু একজনও নেই।" (সূরা ইখলাস ১১২ ঃ ১-৪)

অতএব যেসব সত্ত্বার খাদ্য, পানীয়সহ বিভিন্ন চাহিদা আছে, পত্নী বা স্বামী, পিতা বা মাতা এবং পুত্র বা কন্যা আছে এবং তার সাথে মোকাবেলা করতে পারে এমন সত্ত্বাও থাকে, সেসব সত্ত্বা ইলাহ বা উপাস্য হতে পারে না।

[illegible]}

[illegible]

{[illegible]

"আল্লাহর পরিবর্তে যাদের কাছে তোমরা দোয়া কর তারা ত একটা খেজুরের খোসারও মালিক নয়।" (সূরা ফাতির ৩৫ ঃ ১৩)

মানুষের দুশমন ইবলীছই শিরক শিখায়

মহান আল্লাহ আদম υ-কে পয়দা করে ইবলীছসহ ফেরেশতাগণকে আদেশ করলেন আদমকে সিজদা করতে। ইবলীছ অস্বীকার করলে তাকে তিনি তাঁর দরবার থেকে বের করে দিলেন। ইবলীছ তখন আরয করল,

{[illegible]}

"পুনরুত্থান দিবস পর্যন্ত আমাকে অবকাশ দিন।"

(সূরা আল-আ'রাফ ৭ ঃ ১৪)

আল্লাহ তাকে অবকাশ দিলেন। এরপর-

[illegible]}

[illegible]

{ [illegible]

"সে বলল ঃ আপনি আমাকে যে শাস্তি দিলেন তার দরুন আমি সরলপথে ওদের জন্য ওঁত পেতে থাকব। এরপর আমি তাদের কাছে আসবই তাদের সামনে ও পিছন থেকে, এবং তাদের ডান পাশ ও তাদের বাম পাশ থেকে। আর আপনি তাদের আকছারকে শুকুরিয়া গুজার পাবেন

না। তিনি বলেন : এখান থেকে খারিজ হও ধিকৃত ও বিতাড়িত অবস্থায়। তাদের মধ্যে যারা তোমাকে এত্তেবা করবে আমি অবশ্যই তোমাদের সকলের দ্বারা জাহান্নাম ভরে দেব। (সূরা আল-আ'রাফ ৭ ঃ ১৬-১৮)

আব্দুল্লাহ ইবনু আব্বাস τ ওদ্দা, ছুয়া, ইয়াগুছ, ইয়াইক্ব ও নাছরা সম্পর্কে বলেন, "এরা ছিলেন নূহ (আ:)-এর কওমের সৎকর্মশীল ব্যক্তিবর্গ। যখন তারা হালাক হলেন শয়তান তাদের কওমের লোকদেরকে ওহী করল ঃ তারা যেখানে বসতেন সেখানে তাদের মূর্তি বানিয়ে রাখ আর তাদের নামকরণ কর। তারা সেটা করল যদিও তারা তখন তাদের ইবাদত করত না। এরপর যখন এই লোকেরাও হালাক হল, তখন এই মূর্তিগুলোর ইবাদত শুরু হয়ে গেল।

(বুখারী)

সাবরা (রহঃ) বলেন, শয়তান বিভিন্ন পন্থায় আদম সন্তানকে পথহারা করে। সে ইসলামের পথের উপর এসে বসে পড়ে এবং বলে তুমি কি বাপ-দাদার ধর্ম ত্যাগ করে ইসলাম কবুল করবে? কিন্তু লোকটি শয়তানের অবাধ্য হয় এবং ইসলাম কবুল করে। এরপর সে লোকটির হিজরতের পথে এসে বসে যায় এবং বলে তুমি নিজ দেশ ছেড়ে কেন হিজরত করছ? মুহাজিরের মর্যাদা একটা ঘোড়ার চেয়ে বেশি হয় না। কিন্তু সে তার কথা অমান্য করে এবং হিজরত করে। এবার শয়তান তার জিহাদের পথে এসে বসে পড়ে এবং বলে, তুমি ত নিহত হয়ে যাবে এবং অন্যের সাথে তোমার পত্নীর নিকাহ হয়ে যাবে। আর তোমার মালমাত্তা অন্যরা ভাগ-বাটোয়ারা করে নেবে। তবুও সে জিহাদের জন্য বেরিয়ে পড়ে। যে ব্যক্তি এই কাজ করে এবং মারা যায় তাকে জান্নাতে জায়গা দেয়া আল্লাহর জন্য অবশ্য করণীয় হয়ে পড়ে, হয় সে শহীদ হোক বা পথে ঘুরে মরুক বা পথে কোন জানোয়ার দ্বারা পদদলিত হোক।

(সুনান নাছায়ী)

নূহ υ যখন তাঁর কওমকে শিরক ত্যাগ করে একমাত্র আল□াহর ইবাদত করতে দাওয়াত দিলেন, তখন তারা বলল:

□□ □□□□ □□□□□ □□□□ □□ □□□□ □□ □□□□□ □□ □□□□□□ □□□□□ □□□□□ □□□□}

{□□□□□□ □□□□□□ □□ □□□□□ □□□□□□ □□ □□□□□□□ □□□□□ □□□□ □□□□ □□□□ □□□□□□ □□□□□

"আমরা তো আমাদের বাপদাদাদের মধ্যে একথা শুনি নি।"

(সূরা আল-মুমিনুন ২৩ ঃ ২৪)

মিশরে এসময় সূর্য, চাঁদসহ বিভিন্ন দেবদেবীর উপাসনা চালু হয়। আর মিশরের রাজা ফিরাউনও নিজকে উপাস্য বা পূজনীয় বলে দাবি করত।

মূসা υ ফিরাউনের কাছে তাওহীদের দাওয়াত দিলে এবং আয়াতসমূহ দেখালে সে অস্বীকার করে। এরপর সে লোকদেরকে সমবেত করে এলান করে

{□□□□□ □□□□ □□□ □□□□}

"আমিই তোমাদের সর্বোচ্চ পালনকর্তা।" (সূরা আন-নাযিআত ৭৯ ঃ ২৪)

এমনকি হযরত মূসা υ কে এও বলে,

{□□□□□□□□ □□□ □□□□□□□ □□□□ □□□□ □□□□□ □□□ □□□}

"তুমি যদি আমার পরিবর্তে অন্যকে উপাস্য হিছাবে নাও, আমি তোমাকে কারার"দ্ধ করব।" (সূরা আশ-শুয়ারা ২৬ ঃ ২৯)

এভাবে যুগে যুগে অনেক মানুষ নিজেদেরকেই উপাস্য বলে দাবি করেছে।

আল□াহ বনু ইসরাঈলকে ফিরাউনের জুলুম থেকে নাজাত দিয়েছিলেন। কিন্তু তারা আল□াহর রহমতকে ভুলে প্রতিবেশী মূর্তিপূজক জাতির ধর্মে আকৃষ্ট হয়েছিল। এ সম্পর্কে আল□াহ বলেন ঃ

□□ □□□□ □□□□ □□□□□ □□□□ □□□□□□□□ □□□□ □□□□ □□□□□ □□□□□ □□□□□□□□ □□□□ □□□□□□□□□}

□□□ □□ □□□□ □□□□□ □□ _ □□□□□□□□ □□□□ □□□□□ □□□ □□□□ □□□□ □□□□ □□□□ □□□ □□□□□ □□□□□

{ □□□□□□□ □□□□□ □□ □□□□□□ □□□

বনু ইসরাইলকে সাগর পার করালাম। এরপর তারা একটি কওমের কাছে এল, তারা তাদের মূর্তিগুলোর কাছে উকুফ করত। তারা বলল, 'হে মূসা! আমাদের জন্য দেবতা বানিয়ে দাও যেমন দেবতা তাদের আছে।' সে বলল, 'তোমরা একটা জাহেল কওম। অবশ্যই এরা যাতে লিপ্ত তা বিধ্বস্ড় হবে। আর তারা যা আমল করে তা বাতিল।

(সূরা আল-আ'রাফ ৭ ঃ ১৩৮-১৩৯)

এরপরে আল□াহর আদেশ মতে মূসা υ তূর-এ ইতিকাফ করতে যান যার পরে তাকে তাওরাতের লওহ সমূহ দেয়া হয়। এই ফুরসতে বনী ইসরাইলের লোকেরা বাছুরের মূর্তি বানিয়ে পূজা শুর" করে। বিস্ড়রিত দেখুন সূরা ত্বা-হা ৮৩-৯৭ আয়াত।

হাদীসে এমন এক জাতির কথা জানা যায় যারা তাঁদের এলাকা অতিক্রমকারী লোকদেরকে বাধ্য করত তাদের মূর্তির জন্য কুরবানী করতে।

রাসূল ρ বলেন, এক ব্যক্তি একটি মাছির জন্য জান্নাতে দাখিল হল আর অন্য এক ব্যক্তি একটি মাছির জন্য আগুনে দাখিল হল। সাহাবাগণ বললেন, "এটা কিভাবে হল, হে আল□াহর রাসূল ρ?" তিনি বলরেন, দুই ব্যক্তি একটি কওমের কাছ দিয়ে অতিক্রম করছিল যাদের ছিল একটি মূর্তি। তারা দুই ব্যক্তির একজনকে বলল, "কুরবানী কর।" সে বলল, "আমার কাছে কিছু নেই যে কুরবানী করব।" তারা তাকে বলল, "কুরবানী কর একটা মাছি হলেও।" সে একটা মাছি কুরবানী করল, তার জন্য তারা পথ খুলে দিল। ফলে সে আগুনে দাখিল হল। তারা অন্য লোকটিকে বলল, "কুরবানী কর।" সে বলল, "আমি তো আল□াহ ছাড়া অন্য কারো উদ্দেশ্যে কুরবানী করি না।" তারা তার গর্দানে আঘাত করল। ফলে সে জান্নাতে দাখিল হল।
(আহমদ)

লেবাননে এক সময় ফিনিশীয় জাতি বাস করত, তারা বা'ল নামক মূর্তি পূজায় লিপ্ত হলে আল□াহ ইলিয়াছ υকে তাদের মধ্যে পাঠিয়েছিলেন।

মহান আল□াহ বলেন,

[illegible]}

[illegible]

{ [illegible]

ইলিয়াছ রাসূলদের মধ্যে একজন ছিল। একদা সে তার কওমকে বলেছিল, "তোমরা কি সাবধান হবে না? তোমরা কি বা'আলের কাছে দোয়া করবে এবং পরিত্যাগ করবে নির্মাতাদের সেরাকে? আল্লাহকে, [যিনি] পালনকর্তা তোমাদের এবং পালনকর্তা তোমাদের পূর্ববর্তী বাপদাদাদের?" এরপর তারা তাকে মিথ্যাবাদী বলল। অতএব অবশ্যই তারা হবে (আযাবের জন্য) হাযির করা লোকজন। (সূরা আস-সাফফাত ৩৭ ঃ ১২৩-১২৭)

ঈসা υ [যাকে যীশু খ্রিস্টও বলা হয়] আল্লাহর একজন বান্দা ও নবী ছিলেন। তিনি মানুষকে দাওয়াত দিতেন একমাত্র আল্লাহর ইবাদত করার জন্য। অথচ পরবর্তীকালে একদল মানুষ ভুল বুঝে ঈসা υ কে আল্লাহর শরীক সাব্যস্ত করেছে।

আল্লাহ বিশ্ববাসীকে তাঁর অসীম ক্ষমতার একটি নিদর্শন দেখানোর উদ্দেশ্যে ঈসা υ কে সৃষ্টি করেছিলেন পিতা ছাড়া। তাঁর আম্মা মরিয়াম υ ছিলেন সচ্চরিত্রা ও সিদ্দীকা। কুমারী হয়েও তিনি সন্তান লাভ করেন আল্লাহর হুকুমে। মহান আল্লাহ বলেন,

{ [illegible]}

"যখন তিনি (আল্লাহ) কোন বিষয়ে ডিক্রী করেন তাকে বলেন, 'হও', ফলে তা হয়ে যায়। (সূরা মারয়াম ১৯ ঃ ৩৫)

সর্বশক্তিমান আল্লাহ যখন ঈসা υ কে ক্ষমতা দেন অন্ধকে দৃষ্টিশক্তি দেয়ার, কু‘রোগীকে আরোগ্য দেয়ার এবং মৃতকে হায়াত দেয়ার।

ঈসা υ-এর দাওয়াত ছিল ঃ

{[illegible]}

"তোমরা আমার পালনকর্তা ও তোমাদের পালনকর্তা আল্লাহর ইবাদত কর।" (সূরা মায়িদাহ ৫ ঃ ১১৭)

যারা আল্লাহর অবাধ্য ছিল তাদের ওপর তিনি অসন্তুষ্ট ছিলেন।

[illegible]}

{ [illegible]

"বনু ইসরাঈলের মধ্যে যারা কুফরি করেছিল তারা অভিশপ্ত হয়েছিল দাউদ ও মরিয়াম পুত্র ঈসার ভাষায়।" (সূরা মায়িদাহ ৫ ঃ ৭৮)

ইসরাইলীদের অনেকেই ঈসা υ-এর বিরোধিতা করে। এমন কি তারা রোমান শাসকের কাছে তাঁর বিরুদ্ধে অভিযোগ দায়ের করে। তাকে মৃত্যুদণ্ডাদেশ দেয়া হয়। কিন্তু আল্লাহ কৌশলে তাকে তুলে নেন। এখানে উল্লেখ্য যে, ঈসা υ তাঁর সাথীদের মধ্যে সকলের থেকে পূর্ণ সহযোগিতা পান নি।

কুরআনে মহান আল্লাহ বলেন,

[illegible]}

{[illegible]

"যখন ঈসা তাদের কুফরী উপলব্ধি করল তখন সে বলল, 'আল্লাহর পথে কারা আমার আনসার?' হাওয়ারীগণ বলল, 'আমরা আল্লাহর পথে আনসার। আমরা আল্লাহতে ঈমান রাখি। আপনি শাহাদত নিন যে আমরা মুসলিম।'
(সূরা আলে-ইমরান ৩ ঃ ৫২)

ঈসা υ এর উর্ধ্বগমনের পর লোকেরা নানা মতে বিভক্ত হয়ে যায়। এদেরকে মূলত দুই ভাগে ভাগ করা যায়। (১) Psilanthropist ও (২) Trinitarian.

Psilanthropist তারা, যারা মনে করে ঈসা υ একজন মানুষ ও নবী। তারা তাওহীদে বিশ্বাসী। এদের মধ্যে আবার কয়েকটি মাযহাব আছে যথা Ebionites, Socinians ইত্যাদি।

Trinitarian (ত্রিত্ববাদী): তারা যারা তিনজন উপাস্যে বিশ্বাস করত। এদের মধ্যে অনেকগুলি মাযহাব ও উপ-মাযহাব আছে। যেমন Catholic, Protestant, Orthodox, Armenian Church, Mariamites ইত্যাদি।

তারা সবাই আসলে শিরকে লিপ্ত। আর এরাই খ্রিস্টানদের মধ্যে সংখ্যাগুরু।

ত্রিত্ববাদীদের সম্পর্কে কুরআনে আল□াহ বলেন,

[illegible]}
[illegible]
{ [illegible]

অবশ্যই তারা কুফরি করেছেন যারা বলেছে 'আল□াহই তো মরিয়াম পুত্র মসীহ।' (সূরা মায়েদাহ ৫ ঃ ৭২)

[illegible]}
{[illegible]

অবশ্যই তারা কুফরী করেছে যারা বলেছে, 'আল□াহ তো তিনের মধ্যে একজন।' (সূরা মায়েদাহ ৫ ঃ ৭৩)

হাদীসে বর্ণিত আছে ঃ এক বাদশাহের দরবারে এক যাদুকর ছিল। যাদুকর এক যহীন বালককে যাদুবিদ্যা শিখাত। কিন্তু বালকটি এক তাওহীদপন্থী সাধকের ওয়ায নসীহত শুনে এক আল□াহতে ঈমান আনে। বালকটির কাজের মাধ্যমে ঐ এলাকার অসংখ্য নারী পুরুষ ও তাওহীদে বিশ্বাসী হয়। তখন বাদশাহই বালকটিকে তীর নিক্ষেপে হত্যা করে। তাওহীদপন্থী জনগনকে শায়েস্ড় করার জন্য বাদশাহ একটি আগুনের খন্দক তৈয়ার করে। মুসলিমরা আল□াহর নাম নিয়ে আগুনে ঝাঁপিয়ে পড়তে লাগল। একজন নারীর কোলে ছিল দুগ্ধপোষ্য একটি শিশু। শিশুটির দিকে তাকিয়ে মায়ের মন দ্বিধাগ্রস্থ হয়ে পড়ে। আল□াহ শিশুটির মুখে জবান দেন। সে বলে, 'মা, আপনি সত্যের উপর রয়েছেন। নিশ্চিন্ড়ে আগুনে ঝাঁপ দিন।' তখন তিনি শিশুটিকে নিয়ে আগুন বরণ করলেন। (মুসলিম)

নবীগণের পুজাঃ বিভিন্ন সময় মানুষ নবীগণের পুজায় লিপ্ত হয়েছে। ইহুদীদের একাংশ উযায়র υ কে আল□াহর পুত্র বলে ঘোষণা করেছে। ত্রিত্ববাদী মসীহীরা ঈসা মসীহ υ কে আল□াহর পুত্র বলে ঘোষণা করেছে।

আর মুসলিম ও সুফী নামধারী একদল লোক মুহাম্মাদ υ কে আল□াহর সমান মর্যাদা দিয়েছে এবং বিপদে -আপদে মুহাম্মাদ ρ এ কাছেই ইয়ানত চায়।

শরফুদ্দীন বুছিরী (মৃত ৬৯৫ হি.) বলেছে

فإن من جودك الدنيا وضرتها # ومن علومك علم اللوح والقلم

অবশ্যই দুনিয়া ও আখিরাত আপনার দান

ওহে মাহফুয ও কলমের এলেম আপনার এলেমের অংশ মাত্র।

বুছিরী আরো বলেছেঃ

ما سامني الدهر ضيما واستجرت به # إلا ونلت جوارا منه لم يضم

যখনই আমি রোগাক্রান্ড় বা চিন্ড়াগ্রস্থ হয়েছি এবং রসূলের নিকট আরোগ্য ও চিন্ড়ামুক্তির আবেদন করেছি তখনই তিনি আরোগ্য ও মুক্তি দান করেছেন।

বলা হয়ে থাকে বুছিরী তার এসব কবিতা রচনার পুরস্কার হিছাবে নবী ρ এর কাছ থেকে স্বপ্নে একটি বুরদাহ (চাদর) লাভ করে। তার কাসীদা সংকলনকে কাসীদায়ে বুরদাহ বলা হয়। সত্যিই যদি সে কোন চাদর পেয়ে থাকে তবে তা ছিল শয়তানের চাদর। শিরকী কাসীদা শুনে নবী ρ রাযী হবেন এটা মুমকিন নয়।

সত্যিকারের কাসীদায়ে বুরদাহ হচ্ছে সাহাবী কা'ব বিন যুহায়ের τ কর্তৃক রচিত ' বানাত সু'আদ' কাব্য যা শুনে নবী ρ তার জীবদ্দশায় তাকে তার বুরদাহ (চাদর) হাদিয়া দিয়েছিলেন। এখানে আরো উলে□খ্য যে, 'বুছিরী' নামে একজন মুহাদ্দিছ আছেন; তিনি আহমদ বিন আবী বাকর বুছিরী (মৃত; ৮৪০ হি.)

নবীগণ বা ফেরেশতাগণ বা ওলীগণের কোন ক্ষমতা নেই মানুষের চাহিদা পূরণ করার। তাদের কাছে দোয়া করা যাবে না। এমনকি তাদেরকে এমন সম্মান দেখানো যাবে না যার অনুমতি আল□াহ দেন নি।

নবী ρ-এর কাছে একদা মযলুম মুসলিমগণ সাহায্য চাইতে গিয়েছিলেন। তখন নবী ρ বললেন, “আমার কাছে গাওছ চাইতে হয় না। আল□াহর কাছেই গাওছ চাইতে হয়।” (তাবারানী)

রুবাই বিনতে মাওয়ায়িয (রহ) বলেন, “আমার উরছ (নিকাহ উৎসব) -এর সকালে রসূল ρ এলেন এবং আমার কাছে দু’জন বালিকা গান গাইছিল। তারা দু’জন যা বলছিল তার মধ্যে ছিল, “আমাদের মধ্যে একজন নবী আছেন যিনি এলেম রাখেন আগামীকাল কী হবে।” নবী ρ বললেন, “একথা বলো না। কেউ এলেম রাখে না আগামীকাল কি হবে আল□াহ ব্যতীত।” (বুখারী)

মহান আল□াহ বলেন,

□□□ □□□□□□ □□□ □□□ □□ □□□□ □□□□□ □□□□□□□ □□ □□ □□□□ □□ □□}

{□□□□□

“তুমি বল, যারা আসমানসমূহ ও ধরণীতে আছে তারা গায়েব জানে না, ব্যতিক্রম আল□াহ।” (সূরা আন-নামল ২৭ ঃ ৬৫)

নবী করীম ρ বলেন, “তোমরা আমার কাছে তোমাদের বিবাদ আরয করে থাক। অবশ্যই আমি একজন মানুষ। সম্ভবতঃ তোমাদের মধ্যে কেউ কেউ অন্যদের চেয়ে বেশী পটু। এ কারণে যদি আমি কাউকে তার ভাইয়ের হক দেই তবে সে যেন এটা না নেয়। কারণ আমি (হয়ত) তাকে জাহান্নামের একটা টুকরা তুলে দিয়েছি। (আবু দাউদ, নাছায়ী)

নবী ρ যদি গায়েব জানতেন তবে বিচারে ভুল ফয়সালা দেবার কোন সম্ভাবনা থাকত না।

সাহাবাদের একদল নবী ρ বলেছিলেন, “মানুষের জন্য শোভা পায় না যে, সে আল□াহ ছাড়া অন্য কাউকে সিজদাহ করবে।” (আহমদ)

একদা এক ব্যক্তি জাফর সাদিক (রহঃ)-এর লাঠি চুমু দেয়, কারণ লাঠিটি ছিল রসূল ρ-এর। এতে জাফর সাদিক (রহঃ) বললেন “যা তোমার কোন ক্ষতিও করতে পারে না, উপকারও করতে পারে না তাকে কেন চুমু দিচ্ছ? ফেরেশতাগণ সম্পর্কে মহান আল□াহ বলেন,

□□ □□□ □□□□ □□□ □□ □□□□□ □□□ □□□□□ □□□ □□□□□ □□ □□ □□□}

{□□□□□□ □□□□

“তারা শাফাআত করে না যাদের উপর তিনি (আল□াহ) রাযী তাদের জন্য ছাড়া।” (সূরা আল-আম্বিয়া ২১ ঃ ২৮)

মক্কা শরীফে ইবরাহীম ও ইসমাঈল υ কা’বা ঘর পূনর্নির্মাণ করেছিলেন। সময়ের সাথে আরবরা তাওহীদের শিক্ষা ভুলে যায়। তাদের মধ্যে শিরক ঢুকে পড়ে। তারা মৃত মানুষের পূজা, ফেরেশতাদের পূজা এবং গ্রহ-উপগ্রহ-নক্ষত্রের পূজায় লিপ্ত হয়। লাত নামে এক ব্যক্তি হাজীদেরকে পানি সরবরাহ করত ও সাহায্য করত। এই ব্যক্তির মৃত্যুর পরে এক সময় তার পূজা শুরু হয়ে যায়। মক্কা ও তায়েফের মধ্যবর্তী নাখলা নামে খেজুর বাগানের একটি গাছের নাম ছিল আল-উয্যা। এই গাছটিকেও আরব মুশরিকরা পূজা করত। মক্কা ও মদীনার মাঝখানে এক জায়গায় একটি বড় পাথরকে পূজা করা হত। পাথরটিকে আরবরা বলত মানাত। তারা ঐ পাথরের কাছে পশু যবাহ করে রক্ত প্রবাহিত করে মনবাসনা পূরণের আশা করত। গ্রহ-নক্ষত্রের পূজা আরব, মিশর, গ্রীক, রোমান ও হিন্দুদের মধ্যে চালু ছিল, এখনও আছে।

সূর্য পূজা ঃ আরবদের মধ্যে কিছু মুশরিক সূর্যের পূজা করত। তারা সূর্যকে বলত ইলাহাহ অথবা শামছ। আরব মুশরিকরা “আব্দুশ শামছ’ বা ‘সূর্যদেবীর বান্দা’ এমন নামও রাখত।

গ্রীক ও রোমান মুশরিকদের কাছে সূর্য হেলিয়স বা এপোলো বা সল ইনভিক্টাস নামে পরিচিত ছিল যাকে তারা চিকিৎসার দেবতা মনে করত।

মিশরীয়রা সূর্যকে বলত রা (Ra) দেবতা। রা-এর পিতা থথ্ (Thoth) কে তারা বিশ্বের পয়দাকারী ও জ্ঞানের দেবতা বলে মনে করত।

হিন্দুমতে কাশ্যপ ও অদিতির পুত্র সূর্যদেব বা বিবস্বান। হিন্দুরা সূর্যের এক পুত্র সত্যব্রত মনুকে মানুষ জাতির আদি পিতা মনে করে। মহাভারতের বর্ণনা মতে পান্ডু-র পত্নী কুন্তী। কিন্তু কুন্তীর বিবাহের আগেই তার সাথে সূর্যদেবের মিলনে কর্ণ-এর জন্ম হয়। তবে কর্ণকেও পান্ডব (অর্থাৎ পান্ডুর পুত্র) বলে বিবেচনা করা হয়।

লুব্ধক নক্ষত্র পূজা : আরব মুশরিকরা লুব্ধক নক্ষত্র (যাতে আরবীতে শি'রা এবং ইংরেজিতে Sirius অথবা Dog-star বলা হয়)-এর পূজা করত। সূরা নাজমে এর উল্লেখ আছে।

চাঁদ পূজা : আরব মুশরিকরা চাঁদকে শক্তির দেবী বলে মনে করত যাকে তারা বলত হুবাল। উহুদের যুদ্ধে অনেক মুসলিম নিহত হলে আবু সুফিয়ান বলেছিল, "আজকের বিজয় বদরের বদলা। হে হুবাল! দেখিয়ে দাও যে তুমি ওদের চেয়ে বড়।" মুসলিম তরফ থেকে জওয়াব দেয়া হলঃ "আল্লাহই সবচেয়ে বড়। আমরা সকলে সমান নই। আমাদের মৃতরা যাবে জান্নাতে আর তোমাদের মৃতরা জাহান্নামে।"(সীরাতু রসূলুল্লাহ, ইবনু ইসহাক)

মিশরীয়রা চাঁদকে দেবতা মনে করত যার নাম খনসু। গ্রীক ও রোমানরা চাঁদকে সতীত্বের দেবী বরে মনে করত যারা নাম ডায়ানা। হিন্দুরা চাঁদকে গাছ-পালার দেবতা মনে করে যার নাম চন্দ্র বা ইন্দু।

গ্রীক ও রোমান মতে এপ্যোলো (সূর্য), মার্কারি (বুধ), ভেনাস (শুক্র) ও ডায়ানা বা আর্টেমিস (চাঁদ)-এদের সকলের পিতা জিউস বা জুপিটার (বৃহস্পতি)। আর বৃহস্পতির পিতা স্যাটার্ন (Saturn)। গ্রীক ও রোমান মতে সূর্যের পিতামহ শনি অথবা হিন্দু মতে সূর্যের পুত্র শনি। গ্রীক ও রোমান মতে বুধের বোন চাঁদ অথবা হিন্দুমতে বুধের পিতা চাঁদ। এভাবে তারা খেয়ালী কথা বলত।

মহান আল্লাহ বলেন,

[illegible]}

{[illegible]

সূর্যকে ছিজদা করো না, চাঁদকেও নয়। ছিজদা কর আল্লাহকে যিনি এগুলিকে পয়দা করেছেন। (সূরা হা-মীম সিজদাহ ৪১ ঃ ৩৭)

{[illegible] _ [illegible]}

সূর্য ও চাঁদ হিছাব করা পথে নিয়োজিত। তারকারাজি ও গাছ-পালা [আল্লাহর উদ্দেশ্যে] ছিজদারত। (সূরা আর রহমান ৫৫ ঃ ৫-৬)

গরু পূজা : উত্তর মিশরের মেম্ফিতে এক সময় ষাঁড় আকৃতির এক দেবতার পূজা করা হত যার নাম হাপি। হিন্দুমতে মহাদেব শিবের বাহন ষাঁড়। বনী ইসরাঈলের একদল এক সময় বাছুর পূজায় লিপ্ত হয়েছিল তা আগেই উল্লেখ করা হয়েছে।

ইঁদুর পূজা ঃ হিন্দু মতে ইঁদুর গনেশের বাহন। ইন্ডিয়ার রাজস্থান প্রদেশে দেশনোক শহরের নিকটে করনি মাতা মন্দির আছে। ঐ মন্দিরে ইঁদুর পূজা করা হয়।

শেয়াল পূজা ঃ মিশরীয় মুশরিকরা শেয়াল আকৃতির এক দেবতাকে বিশ্বাস করত যার নাম আনুবিস (Anubis)।

তা'বীজের উপর ভরসা

مَنْ تَعَلَّقَ تَمِيْمَةً فَقَدْ أَشْرَكَ

নবী ρ বলেন, যে তামীমাহ (তা'বীজ) ঝুলালো সে অবশ্যই শিরক করলো। (আহমাদ)

সহীহ হাদীস সমূহ থেকে কুরআনের আয়াত ও সুন্নাতী দু'আ পড়ে শরীরে ফুঁ দেয়ার দলীল পাওয়া যায়; কিন্তু এসব দু'আ তা'বীজ করে ঝুলিয়ে রাখার কোন দলীল পাওয়া যায় না।

অন্যদিকে এমন তা'বীজও ব্যবহার করা হয়ে থাকে যাতে কুরআনের আয়াত বা সুন্নতী দু'আ থাকে না বরং শিরকী ও কুফরী কালাম থাকে। অনেক তা'বীজ ব্যবহারকারী মোটেও জানে না যে, তিনি তার গলায় কী ঝুলিয়ে রেখেছেন।

একটি তা'বীজের নকশা উল্লেখ করছি।

ابليس	هامان	شيطان	فرعون
شيطان	فرعون	ابليس	هامان
فرعون	شيطان	هامان	ابليس
هامان	ابليس	فرعون	شيطان

[Zvex‡Ri wKZve, gnv¤§` BQnvK/ Pi‡gvbvB‡qi cÖi] Avj-BQnvK cKvkbx, 1397 evsjv| côv 38]

তা'বীজ হিছাবে এস্তেমাল করা হয় শরফুদ্দীন বুছিরীর লেখা কাসীদায়ে বুরদাহ এবং জাযুলী রচিত দালায়েলুল খায়রাত কিতাবের অংশবিশেষ। উভয় লেখকই শিরক করত এবং তাদের কাসীদাগুলিতে শিরকী ও কুফরী কালাম পাওয়া যায়।

শিরক্ করে কি লাভ?

যারা শিরক করে তারা মনে করে যে, পাপী মানুষের জন্য সরাসরি পরমেশ্বরের কাছে কিছু চাওয়া শোভনীয় নয়। পরমেশ্বর তার দয়া ও দান বন্টন বা বিতরণের জন্য দেবদেবী, ফেরেশতা বা নক্ষত্রসমূহের উপর দায়িত্ব দিয়েছেন। তাই তাদের কাছ থেকেই দয়া ও দান চেয়ে নিতে হবে। সত্য কথা হল তাদের এই ধারণা ভুল।

মহান আল্লাহ বলেন,

[illegible]}

{[illegible]

তার চেয়ে বেশি পথভোলা কে, যে আল্লাহর পরিবর্তে দোয়া করে তার কাছে যে তার জওয়াব দেবে না কিয়ামত দিবস পর্যন্ত?

(সূরা আল-আহক্বাফ ৪৬ ঃ ৫)

[illegible]}

{[illegible]

সাহায্য কখনই আসতে পারে না আল্লাহ ছাড়া অন্য কারও থেকে।

(সূরা আনফাল ৮ ঃ ১০)

[illegible]}

[{[illegible]

আল্লাহ কি তার বান্দার জন্য কাফী নন? (সূরা সোয়াদ ৩৯ ঃ ৩৬)

{[illegible]}

আল্লাহর সাথে অন্য কারো কাছে দোয়া করো না। (miv Avj-Rb 72 t 18)

{[illegible]}

আল্লাহ ছাড়া কে গুনাহ মাফ করবে? (সূরা আলি-ইমরান ৩ ঃ ১৩৫)

{[illegible]}

তোমাদের পালনকর্তা বলেছেন, তোমরা আমার কাছে দোয়া কর; আমি তোমাদেরকে জওয়াব দেব। (সূরা আল-মুমিন ৪০ ঃ ৬০)

শিরক করলে কী ক্ষতি

মহান আল্লাহ বলেন,

{[illegible]}

কেউ আল্লাহর সাথে শরীক করলে আল্লাহ তার জন্য জান্নাত হারাম করবেন এবং আগুন হবে তা নিবাস। (সূরা মায়িদাহ ৫ ঃ ৭২)

{[illegible]}

যদি তারা শিরক করে তবে নষ্ট হয়ে যাবে যা তারা আমল করে।

(সূরা আনআম ৬ ঃ ৮৮)

{[illegible]}

যারা ঈমান এনেছে এবং তার সাথে শিরককে জড়িত করেনি তাদের জন্যই নিরাপত্তা এবং তারাই ঠিক পথে চালিত। (সূরা আনআম ৬ ঃ ৮২)

নবী ρ বলেছেন, “আল□াহর সাথে কাউকে শরীক করো না যদিও তোমাকে কতল করা হয় এবং পুড়িয়ে দেয়া হয়।” (মিশকাত)

